আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর যারা তোমার অনুগত রয়েছে তাদেরকে কিয়ামতের দিন পর্যন্ত যারা অস্বীকৃতি জ্ঞাপন করে তাদের উপর জয়ী করে রাখবো।
সূরা আল ইমরান ৫৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১৯ জুলাই ২০২৬ ॥ ০৪ সফর ১৪৪৮ ॥ ০৪ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আগামী মাসে চালু ‘প্রবাসী কার্ড’, মিলবে ১০ বিশেষ সুবিধা

কীর্তনখোলা ডেস্ক
আগামী মাসের মধ্যে প্রবাসী কার্ডের পরীক্ষামূলক কার্যক্রম শুরু হবে। প্রবাসীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি, ক্ষমতায়ন ২ এর পাতায় দেখুন



টক শোতে শেখ হাসিনার সাফাই গাওয়ার চেষ্টা চলছে

কীর্তনখোলা ডেস্ক
টক শোতে শেখ হাসিনার সাফাই গাওয়ার চেষ্টা চলছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর ২ এর পাতায় দেখুন

ট্রল-অপবাদ দিয়ে দায়িত্ব থেকে বিচ্যুত করা যাবে না

কীর্তনখোলা ডেস্ক
শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ট্রল বা অপবাদ দিয়ে সরকারকে দায়িত্ব থেকে বিচ্যুত করা যাবে না। ২ এর পাতায় দেখুন

আগামীতে লড়াই হবে জুলাই সনদ-গণভোট অমান্যকারীদের বিরুদ্ধে

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, আগামীর লড়াই শহিদ প্রেসিডেন্ট ২ এর পাতায় দেখুন

বরিশালে ১১ দলীয় ঐক্য সমাবেশে বক্তারা

গণভোট ব্যর্থ হলে সরকারকে ব্যর্থ করে দেয়া হবে

কীর্তনখোলা রিপোর্ট
জামায়াতে ইসলামী বাংলাদেশের আমীর ও বিরোধী দলীয় নেতা ডাঃ শফিকুর রহমান বলেছেন, গণভোট না মানলে এই সরকারও অবৈধ হয়ে যায়, এটা সরকারকে বুঝতে হবে। আর গণভোটকে ব্যর্থ করা হলে সরকারকেও ব্যর্থ করে দেয়া হবে। আগামী ২৫ জুলাই এর মধ্যে গণভোটের রায় বাস্তবায়ন না হলে ঢাকায় মহাসমাবেশে করে আন্দোলনের হুশিয়ারি দেন তিনি। গতকাল শনিবার বিকেলে বরিশাল নগরীর হেমায়েতউদ্দিন ঈদগাহ ময়দানে ১১ দলীয় ঐক্য আয়োজিত বরিশাল বিভাগীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এ্যাডভোকেট মোয়াযযম হোসাইন হেলাল। সংসদের বিরোধী দলীয় নেতা বলেন, ভাঙ্গার পরেই ভাঙ্গা রাস্তা। তাও দুইলেনের। বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র সৈকত এই সড়কের শেষ মাথয়। সেই সড়কেরও বেহাল দশা। ভোলা আজো বিচ্ছিন্ন দ্বীপ, রেললাইন কবে হবে, এনিয়ে সরকারের এমপিদের বক্তব্য নেই কেন। প্রশ্ন রেখে জামাযাতে আমীর বলেন, যেখানে বঞ্চনা সেখানে আমরা আছি। গণভোটের রায় বাস্তবায়নের জন্য আমরা আজ এই সমাবেশ করছি। নির্বাচনের আগে আমরা দুটো দলই গণভোটে হ্যাঁ চেয়েছি। হ্যাঁ জয়ী হয়েছে। তাহলে এখন তাহলে কেন এতো গড়িমসি সরকারের। জামায়াত আমীর বলেন, গণভোট বাস্তবায়ন নিয়ে পদে পদে মিথ্যা আর ধোকা দিচ্ছে বর্তমান সরকার। তারা কি ২০০৮ থেকে ২৪ পর্যন্ত পরিস্থিতি বিশ্লেষণ করে না। গণভোট নিয়ে তালবাহানা জনগণ সহ্য করবে না। ফ্যাসিবাদের জায়গা এদেশে আর হবে না দাবী করে ডাঃ শফিকুর রহমান বলেন, তারা এখন স্বৈরশাসনকে ফিরিয়ে আনতে নতুন কৌশল শুরু করতে চাচ্ছে। গণভোট না মানলে এই সরকারও অবৈধ, জাতির ক্ষতি করে বুঝবেন না, আগেই বুঝুন। আমাদের রাজপথে রাখবেন না। তিনি বলেন, ২৪ এর একটি শ্লোগান ৩ এর পাতায় দেখুন

বিভাগীয় সমাবেশে বরিশাল জেলা জামায়াতের ব্যাপক ও সরব উপস্থিতি

কীর্তনখোলা রিপোর্ট
গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদুর্ভোগ নিরসন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ অবহেলিত দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের দাবিতে ১১-দলীয় ঐক্যের উদ্যোগে অনুষ্ঠিত বরিশাল বিভাগীয় সমাবেশে বাংলাদেশ জামায়াতে ইসলামীর বরিশাল জেলা শাখার নেতাকর্মীদের ছিল উৎসবমুখর ও সরব উপস্থিতি। শনিবার (১৮ জুলাই) সকাল থেকেই জেলার বিভিন্ন উপজেলা থেকে নেতাকর্মীরা বাস, লঞ্চ, ট্রলার ও অন্যান্য যানবাহনে সমাবেশস্থলের উদ্দেশে রওনা হন। বিশেষ করে নদীবেষ্টিত উপজেলা হিজলা, মুলাদী ও মেহেন্দিগঞ্জ থেকে হাজার হাজার নেতাকর্মী ট্রলার ও লঞ্চযোগে বরিশালে এসে সমাবেশে যোগ দেন। অন্যদিকে সড়কপথে আগৈলঝাড়া, গৌরনদী, উজিরপুর, বানারীপাড়া, বাবুগঞ্জ ও বাকেরগঞ্জ উপজেলা থেকে বাস ও অন্যান্য যানবাহনে বিপুলসংখ্যক নেতাকর্মীর আগমন ঘটে। আগৈলঝাড়া উপজেলা আমীর ২ এর পাতায় দেখুন

বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৫৯ জন

কীর্তনখোলা ডেস্ক
দেশের সাত জেলায় চলমান বন্যা, অতিবৃষ্টি, পাহাড়ি ঢল ও পাহাড়ধসের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ৫৯ জনে পৌঁছেছে। বর্তমানে ৫৬টি উপজেলা এবং ৩৭৪টি ইউনিয়ন ও চারটি পৌরসভা বন্যায় ক্ষতিগ্রস্ত। ক্ষতিগ্রস্ত মানুষের জন্য ৭৩টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে, যেখানে ২৯৮ জন আশ্রয় নিয়েছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের শনিবার (১৮ জুলাই) প্রকাশিত হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, বন্যাকবলিত জেলাগুলো হলো খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার, চট্টগ্রাম, মৌলভীবাজার ও হবিগঞ্জ। এতে বলা হয়েছে, দুর্যোগে এখন পর্যন্ত রাঙামাটিতে তিনজন, বান্দরবানে সাতজন, কক্সবাজারে ৩২ জন (স্থানীয় ১৯ ও রোহিঙ্গা ১৩), চট্টগ্রামে ১৬ জন এবং
২ এর পাতায় দেখুন

হামের প্রাদুর্ভাব: উপসর্গে আরও ৪ জনের মৃত্যু, মোট ৭৮৪

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে আরও চারজনের মৃত্যু হয়েছে। এ সময়ে হামে আক্রান্ত হয়ে কোনো মৃত্যু নেই। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে গতকাল সকাল ৮টা পর্যন্ত) নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৭৪ জনের। এ ছাড়া হামের উপসর্গ দেখা গেছে ৬৯৯ জনের। প্রতিবেদনে আরও বলা হয়, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মারা গেছে ৬৮৯ জন। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে আরও ৯৫ জনের। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গে মোট ৭৮৪ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে যে চারজনের মৃত্যু হয়েছে, তাদের মধ্যে তিনজন সিলেট বিভাগের। আর একজন ঢাকা বিভাগের। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত
২ এর পাতায় দেখুন

কোনো অবস্থাতেই পুশ-ইন মেনে নেওয়া হবে না: সেক্টর কমান্ডার

কীর্তনখোলা ডেস্ক
সীমান্তে পুশ-ইন সমস্যাকে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) অত্যন্ত গুরুত্বের সঙ্গে একটি বড় চ্যালেঞ্জ হিসেবে নিয়েছে বলে জানিয়েছেন, বিজিবির দিনাজপুর সেক্টর সদর দপ্তরের সেক্টর কমান্ডার কর্নেল মোহাম্মদ ফয়সাল হাসান খান। তিনি জানান, সরকার ও বিজিবির বক্তব্য অত্যন্ত পরিষ্কার। কোনো অবস্থাতেই বাংলাদেশে অবৈধ পুশ-ইন মেনে নেওয়া হবে না। একই সঙ্গে পার্শ্ববর্তী দেশের পুশ-ইনের এই ধরনের আচরণকে তিনি ‘নজিরবিহীন’ বলে উল্লেখ করেন। শনিবার (১৮ জুলাই) সকালে দিনাজপুর সদর উপজেলার বড়গ্রাম সীমান্তে বড়গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বিজিবি আয়োজিত এক ফ্রি মেডিকেল ক্যাম্প, বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিজিবির ফুলবাড়ী ২৯ বিজিবি ব্যাটালিয়ন ২৯ বিজিবির ব্যবস্থাপনায় এই মানবিক চিকিৎসা ক্যাম্পের
২ এর পাতায় দেখুন



‘জুলাই ছিলো আগুনমাখা জুলাই ছিলো রক্ত’

মৌমিতা বিনতে মিজান
১৯ জুলাই ২০২৪। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে এদিন ঢাকা, চট্টগ্রাম, সাভারসহ দেশের বিভিন্ন স্থানে পুলিশ, বিজিবি, ও তৎকালীন ছাত্রলীগ-যুবলীগের সঙ্গে ছাত্র ও সাধারণ জনতার ব্যপক সংঘর্ষ হয়। সেদিনের সহিংসতায় এক ভয়াবহ রক্তক্ষয়ী পরিস্হিতির রূপ নেয়। ১৯ জুলাই সারা দেশে সংঘর্ষ ও গুলিতে বিপুল সংখ্যক মানুষ নিহত হন। ওই দিনটিকে বাংলাদেশের ইতিহাসে অন্যতম রক্তস্নাত দিন হিসেবে আখ্যায়িত করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আশেপাশের এলাকা, সায়েন্সল্যাব, রামপুরা, উত্তরা ও বাড্ডা এলাকায় তীব্র সংঘর্ষ ছড়িয়ে পরে।দেশব্যাপী ব্রডব্যান্ড ও মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ করে দেওয়া হয় এবং তৎকালীন সরকার সারাদেশে কারফিউ জারি করে। এদিনেই সাধারণ জনতা রামপুরায় অবস্থিত বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ভবনে ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অর্ধশত নবীন শিক্ষার্থীকে ৫ ঘণ্টা র‍্যাগিং

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) আইন বিভাগের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের অর্ধশত নবীন শিক্ষার্থীকে ক্যাম্পাসের বাইরে নিয়ে পাঁচ ঘণ্টা র‍্যাগিং দেওয়ার অভিযোগ উঠেছে। বিশ্ববিদ্যালয়সংলগ্ন ভোলারোডে নির্মাণাধীন বিটাক ভবনের নিচতলায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় একই বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ইমিডিয়েট সিনিয়র ব্যাচের একদল শিক্ষার্থী জড়িত বলে অভিযোগ উঠেছে। এ সময় নবীন শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে নিষেধাজ্ঞা দেওয়ার পাশাপাশি হুমকি দেওয়া হয়। এতে এক শিক্ষার্থী অজ্ঞান হয়ে পড়েন। বিষয়টি তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে ববি প্রশাসন। জানা গেছে, বুধবার (১৫ জুলাই) বিকেল ৩টার কিছু সময় পর থেকে পাঁচ ঘণ্টা র‍্যাগিং দেওয়া হয়। কিন্তু বিষয়টি শুক্রবার (১৭ জুলাই) রাতে জানাজানি হয়। নাম প্রকাশে অনিচ্ছুক আইন বিভাগের একাধিক শিক্ষার্থী জানিয়েছেন, নবীন শিক্ষার্থীরা তাদের গোপন মেসেঞ্জার গ্রুপে সম্প্রতি ইমিডিয়েট সিনিয়রদের নিয়ে বিরূপ মন্তব্য করেন। সেই ঘটনা জানাজানি হওয়ায় এ ঘটনা ঘটে থাকতে পারে বলে ধারণা আইন বিভাগের সাধারণ
২ এর পাতায় দেখুন

হাইকোর্টে ৮ দিনে ৩৪৮৪৬ পুরোনো মামলা নিষ্পত্তি

কীর্তনখোলা ডেস্ক
সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৮ কার্যদিবসে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ৩৪ হাজার ৮৪৬টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। শনিবার (১৮ জুলাই) সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বৃহস্পতিবার (১৬ জুলাই) হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চসমূহে মোট ৬ হাজার ৩১৭টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি হয়েছে। একই সঙ্গে রিট মোশন বেঞ্চসমূহে ২৩টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি হয়েছে। এদিন হাইকোর্ট বিভাগে একদিনে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরাতন রিট মামলা মিলিয়ে মোট ৬ হাজার ৩৪০টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। শফিকুল ইসলাম বলেন, পুরোনো মামলা নিষ্পত্তি কার্যক্রম শুরু হওয়ার পর এ পর্যন্ত ৮ কার্যদিবসে (প্রতি সপ্তাহে ২ এর পাতায় দেখুন

প্রাথমিক শিক্ষক বদলি নীতিমালায় বড় পরিবর্তন

কীর্তনখোলা ডেস্ক
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি-পদায়নের নীতিমালায় আবারও পরিবর্তন এনেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কমিটিতে গণ্যমান্য ব্যক্তি রাখার বিধান বাদ দিয়ে শিক্ষানুরাগী ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে। একইসঙ্গে যুক্ত করা হয়েছে সাতটি নতুন শর্ত। শনিবার (১৮ জুলাই) মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। তবে গত বৃহস্পতিবার (১৬ জুলাই) এ নীতিমালা পরিবর্তন করা হয়। সংশোধিত নীতিমালা অনুযায়ী উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের বদলি কমিটিতে সভাপতির মনোনীত দুজন করে বিদ্যোৎসাহী বা শিক্ষানুরাগী ব্যক্তি সদস্য থাকবেন। আর জাতীয় কমিটির সভাপতি হবেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি)। আগে এ পদে প্রাথমিক ও গণশিক্ষা সচিবকে রাখা হয়েছিল। নতুন শর্ত অনুযায়ী, চাকরির ন্যূনতম দুই ২ এর পাতায় দেখুন

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র যৌথ সামরিক মহড়া ‘টাইগার লাইটনিং’ শুরু আজ

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী আজ রোববার (১৯ জুলাই) আনুষ্ঠানিকভাবে বার্ষিক যৌথ মহড়া ‘টাইগার লাইটনিং-২০২৬’ এর উদ্বোধন করবে। শনিবার (১৮ জুলাই) ঢাকার মার্কিন দূতাবাস এই তথ?্য জানায়। দূতাবাস জানায়, এই দ্বিপক্ষীয় মহড়ায় উভয় দেশের ১৬০ জনেরও বেশি সামরিক সদস্য অংশগ্রহণ করবেন। এর মাধ্যমে পারস্পরিক সহযোগিতা আরও জোরদার হবে এবং বাস্তব পরিস্থিতিতে কার্যক্রম পরিচালনার সক্ষমতা বাড়বে। টাইগার লাইটনিং-এ জঙ্গলাঞ্চলে অভিযান, সন্ত্রাসবিরোধী কার্যক্রম এবং কৌশলগত যুদ্ধক্ষেত্রে আহতদের চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রশিক্ষণ উভয় দেশকে একে অপরের দক্ষতা সম্পর্কে আরও গভীরভাবে জানার সুযোগ করে দেবে। এই দ্বিপক্ষীয় মহড়া ইউএস আর্মি প্যাসিফিকের থিয়েটার আর্মি ক্যাম্পেইন প্ল্যান এবং নিরাপত্তা সহযোগিতা কর্মসূচির ২ এর পাতায় দেখুন

সরকারি খাল দখল, উচ্ছেদের নির্দেশ নৌ প্রতিমন্ত্রীর

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেহেন্দিগঞ্জে খালের সরকারি জমি দখল করে গড়ে ওঠা অবৈধ ব্যবসা প্রতিষ্ঠান ও পাকা স্থাপনা অনতিবিলম্বে গুঁড়িয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা) আসনের সংসদ সদস্য ও নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান। শনিবার (১৮ জুলাই) দুপুরে এক আকস্মিক পরিদর্শনে গিয়ে খালের ওপর এই অবৈধ দখলের চিত্র দেখে তীব্র ক্ষোভ প্রকাশ করেন তিনি। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা রিয়াজুর রহমানকে সরকারি বিধি অনুসরণ করে দ্রুত উচ্ছেদ অভিযান পরিচালনার স্পষ্ট নির্দেশনা দেন প্রতিমন্ত্রী। স্থানীয় দলীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে ত্রাণ ও পুনর্বাসন প্রকল্পের আওতায় মেহেন্দিগঞ্জের আদর্শ নগর ইউনিয়নে চলমান বেশ কিছু উন্নয়নমূলক কাজ পরিদর্শনে যান নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান। সরকারি উন্নয়ন কাজ পরিদর্শন শেষে তিনি পার্শ্ববর্তী ভাষানচর ইউনিয়নের দফাদারহাট এলাকার একটি পুরনো ও ঐতিহ্যবাহী খাল পরিদর্শনে যান। সেখানে গিয়ে প্রতিমন্ত্রী দেখতে পান, খালের স্বাভাবিক গতিপথ রোধ করে এবং সরকারি আইন অমান্য ২ এর পাতায় দেখুন

সম্পাদকীয়

শ্রমবাজার সম্প্রসারণে জোর দিন

বাংলাদেশের অর্থনীতিতে প্রবাস আয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তা সত্ত্বেও জনশক্তি রপ্তানি বৃদ্ধিতে পরিকল্পিত উদ্যোগ কম। আধুনিক পৃথিবীতে কায়িক শ্রমের চাহিদা দিন দিনই কমছে। বাড়ছে দক্ষ ও প্রযুক্তিগতভাবে অগ্রসর শ্রমশক্তির চাহিদা। কিন্তু দক্ষ জনশক্তি তৈরির ক্ষেত্রে আমাদের অগ্রগতি খুবই কম। তা ছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও সেসব বাজারে কর্মী প্রেরণের ক্ষেত্রেও আমাদের খুব একটা অগ্রগতি নেই। প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, সৌদি আরব ও কয়েকটি দেশ ছাড়া মধ্যপ্রাচ্যের অনেক শ্রমবাজার বাংলাদেশের জন্য প্রায় বন্ধ। খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে প্রবাস আয়ের প্রবৃদ্ধি এবং সরকারের শ্রম রপ্তানির লক্ষ্য বাস্তবায়ন কঠিন হয়ে পড়তে পারে। বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার সৌদি আরব, সেখানেও কর্মী নিয়োগ কমছে। এর ফলে সামগ্রিকভাবেই বাংলাদেশের জনশক্তি রপ্তানির গতি নিম্নমুখী। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত তিন মাসে বিভিন্ন দেশে কাজের উদ্দেশ্যে গেছেন এক লাখ ৬৬ হাজার ৩৪৫ জন বাংলাদেশি। পরবর্তী তিন মাস ১১ দিনে (১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত) বিদেশে গেছেন এক লাখ ২৭ হাজার ২২০ জন। এই সময়ে প্রথম তিন মাসের তুলনায় কর্মী যাওয়া কমেছে ৩৯ হাজার ১২৫ জন। দেশভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, প্রথম তিন মাসে সৌদি আরবে গেছেন এক লাখ ৩৪ হাজার ৬৫৪ জন, কাতারে ১৩ হাজার ৬৮৯ জন, কুয়েতে ছয় হাজার একজন, জর্দানে চার হাজার ৫৮৬ জন, সংযুক্ত আরব আমিরাতে তিন হাজার ৬১৭ জন, ইরাকে দুই হাজার ৮৮৩ জন, লেবাননে ৮৭৫ জন, ওমানে ১৭ জন, তুরস্কে ১৬ জন এবং ইয়েমেনে চারজন। অন্যদিকে ১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত সৌদি আরবে গেছেন ৮৯ হাজার ৬১ জন, কাতারে ১৮ হাজার ৩১৪ জন, সংযুক্ত আরব আমিরাতে ছয় হাজার ৬০৩ জন, কুয়েতে পাঁচ হাজার ৮০৮ জন, জর্দানে চার হাজার ৮৯০ জন, ইরাকে এক হাজার ৭৫২ জন, লেবাননে ৭৫০ জন, ওমানে ২০ জন, তুরস্কে ১৮ জন এবং বাহরাইনে তিনজন। কাতার ও আরব আমিরাতে কর্মী যাওয়া কিছুটা বাড়লেও সৌদি আরবে বড় ধরনের পতন হয়েছে। ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা-পরবর্তীকালে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা যুক্তরাষ্ট্রের ঘাঁটিগুলোতে ইরানের হামলা মধ্যপ্রাচ্যের পরিস্থিতিকে খুবই অস্থিতিশীল করে তুলেছে। ইসরায়েল লেবাননেও হামলা চালাচ্ছে। এই সংঘাত খুব সহজে থামবে, তা-ও বলা যায় না। ফলে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বিদেশি শ্রমশক্তির চাহিদা আরো কমে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে সামনের দিনগুলোতে। অথচ আমাদের শ্রমবাজার প্রধানত মধ্যপ্রাচ্য, বিশেষ করে সৌদি আরবের ওপর নির্ভরশীল। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) সাবেক মহাসচিব শামীম আহমেদ চৌধুরী নোমান বলেন, কোনো একটি দেশের ওপর অতিরিক্ত নির্ভরশীলতা দীর্ঘ মেয়াদে ঝুঁকিপূর্ণ। বন্ধ বা সীমিত শ্রমবাজারগুলো দ্রুত চালু করার পাশাপাশি বিদ্যমান ১০ থেকে ১২টি প্রধান শ্রমবাজার সচল রাখার ওপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

আগামীতে লড়াই হবে জুলাই

জিয়াউর রহমান, দেশনেত্রী খালেদা জিয়া, তারেক রহমান বা বিএনপির বিরুদ্ধে নয়। এ লড়াই হবে জুলাই সনদ ও গণভোট অমান্যকারীদের বিরুদ্ধে। যারা ১৪শ ছাত্র-জনতার রক্তের সঙ্গে বেইমানি করবে, তাদের বিরুদ্ধে। শুক্রবার (১৭ জুলাই) রাত ৯টায় দিনাজপুরের হাকিমপুর (হিলি) বাজারের গোডাউন মোড়ে আয়োজিত এক পথসভায় তিনি এসব কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ভোটের আগে আমরা এ দেশের শিক্ষা, চিকিৎসা, আলেম-ওলামাদের সুরক্ষা ও সীমান্ত এলাকার মানুষের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছিলাম। আমরা বিএনপিকে কোনো টেন্ডারবাজ ও চাঁদাবাজকে মনোনয়ন না দিতে অনুরোধ করেছিলাম। কিন্তু তারা বলেছেন, এটি তাদের দলের পুরোনো ঐতিহ্য, যা তারা ছাড়তে পারবে না। আমরা যখন শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানোর কথা বলেছি, তখন তারা বলেছেন, আপনাদের ওসব দেখতে হবে না, আমরা সব শিক্ষা প্রতিষ্ঠানে আমাদের নিজেদের (২ নম্বর) লোক বসাবো। পদযাত্রায় এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সমন্বয়ক সারজিস আলম বলেন, ভারত আমাদের প্রতিবেশী রাষ্ট্র এ পর্যন্ত ঠিক আছে। কিন্তু ভারত যদি কথা ও কাজের মাধ্যমে বারবার প্রমাণ করতে চায় যে তারা দাদাগিরি বা আধিপত্যবাদ বহাল রাখবে, তবে স্পষ্ট ভাষায় বলতে চাই, এ ধরনের রাষ্ট্রকে আমরা বন্ধুসুলভ প্রতিবেশী মনে করবো না। যারা একজন গণহত্যাকারী ও ওসমান হাদীর হত্যাকারীদের আশ্রয় দেয়, যারা আমাদের ন্যায্য পানির হিস্যা দেয় না, খরার সময় পানি আটকে রাখে আর বর্ষায় পানি ছেড়ে দিয়ে লাখো মানুষকে বিপদে ফেলে, তারা কোনোদিন আমাদের বন্ধু হতে পারে না। এ সময় তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানকে উদ্দেশ করে বলেন, আগামী দিনে জুলাই সনদ ও গণভোট বাস্তবায়ন না হলে, এ দেশের জনগণ আপনাদেরও ছুঁড়ে ফেলে দেবে। পথসভায় আরও বক্তব্য রাখেন এনসিপির সদস্যসচিব ও রংপুর-৪ আসনের সংসদ সদস্য আখতার হোসেন, এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক ডা. আব্দুল আহাদ, হাকিমপুর উপজেলা জামায়াতের আমির মো. আমিনুল ইসলামসহ এনসিপি ও ১১-দলীয় জোটের স্থানীয় নেতৃবৃন্দ।

ট্রল-অপবাদ দিয়ে

তিনি বলেন, 'যে যত ট্রলই করুন, যে যত অপবাদই দিন না কেন, আমাদের সঠিক দায়িত্ব থেকে বিচ্যুত করতে পারবেন না। আমরা এ জাতিকে সুশিক্ষিত করার দায়িত্ব নিয়ে এসেছি।' শনিবার দুপুরে নওগাঁ সদর উপজেলা অডিটরিয়ামে নওগাঁ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। এর আগে শহরের বরুনকান্দি এলাকায় বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে ফলক উন্মোচনের মাধ্যমে শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন তিনি। সম্প্রতি এইচএসসি পরীক্ষা ঘিরে আন্দোলনের প্রসঙ্গ তুলে শিক্ষামন্ত্রী বলেন, 'আমাকে নিয়ে যারা ট্রল করেছে, তারা কেউ পরীক্ষার্থী নয়। সিটি কলেজ, আইডিয়াল কলেজ, ভিকারুননিসার মতো প্রতিষ্ঠানের কাউকে দেখিনি আন্দোলন করতে।' তিনি আরও বলেন, 'স্পষ্টভাবে বলতে চাই, আমরা এসেছি, এই জাতিকে সুশিক্ষিত করার দায়িত্ব পেয়েছি। যে যত ট্রলই করেন না কেন, যে যত অপবাদই করেন না কেন, আমাদের সঠিক দায়িত্ব থেকে আপনারা বিচ্যুত করতে পারবেন না। শিক্ষা ভাবনাকে বাদ দিয়ে যারা উচ্ছৃঙ্খল কথা বলে সমাজকে উসকানি দিতে চায়, আমাদের এই তরুণ প্রজন্ম তাদের ব্যর্থ করে দেবে।' শিক্ষামন্ত্রী বলেন, '২০০১ সাল থেকে ২০০৬ সাল। বেগম খালেদা জিয়ার নেতৃত্বে এই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পেয়েছিলাম। আজকে তারই জ্যেষ্ঠ সন্তান তারেক রহমানের অধীনে আমি দায়িত্ব পালন করছি। কী করে ভাবতে পারেন, অন্যায়কে প্রশ্রয় দিতে আমাকে নির্দেশ দেওয়া হবে? নিশ্চয়ই না। আপনারা আপনাদের দায়িত্বে অটল থাকুন। লেখাপড়া আমাদের করতেই হবে এবং তার মান আমাদের উন্নয়ন করতেই হবে।'

টক শোতে শেখ হাসিনার

রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। শুক্রবার সন্ধ্যায় রাজধানীর যাত্রাবাড়ীতে '১৭ জুলাই-যাত্রাবাড়ী প্রতিরোধ দিবস' উপলক্ষে এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। রুহুল কবির রিজভী বলেন, 'হাসিনা এ দেশের মানুষের রক্ত ঝরিয়েছে। তাঁর বাবাও একই কাজ করেছে। শেখ হাসিনা যদি ফিরে এসে রাজনীতি করতে চান, তাহলে ইয়াহিয়া ও টিক্কা খান কোন দোষ করেছে? শেখ হাসিনা তাঁদের চেয়ে কম কী করেছে?' রিজভী বলেন, 'টক শোতে অনেকে ইনিয়ে-বিনিয়ে শেখ হাসিনার সাফাই গাওয়ার চেষ্টা করছেন। শেখ হাসিনা এত বাহাদুর হলে পালালেন কেন? খালেদা জিয়া তো পালাননি। হাসিনা যে কী নিষ্ঠুর হতে পারে, তা কারাগারে নেতাদের ওপর হাত তোলা না দেখলে বোঝা যাবে না। ফ্যাসিস্ট দলকে ফিরিয়ে আনা যায় না। হিটলারের দল ফিরে আসতে পারেনি।' রিজভী বলেন, 'ইতিহাসের যে উল্লেখযোগ্য প্রতিরোধ আছে, যাত্রাবাড়ী ও রায়েরবাগের প্রতিরোধ চিরস্মরণীয় হয়ে থাকবে। পৃথিবীর ইতিহাসে এটি একটি গৌরবোজ্জ্বল অধ্যায় হয়ে থাকবে। শ্রাবণের বৃষ্টির মতো যাত্রাবাড়ীতে যখন গোলাগুলি করা হচ্ছিল সেদিন বিএনপি-ছাত্রদল, জামায়াত-শিবির, মাদ্রাসার ছাত্ররাসহ অন্যান্য সংগঠনগুলোও বুক চিতিয়ে প্রতিরোধ গড়ে তুলেছিল।' এ সময় রিজভী আরও বলেন, 'আবু সাঈদের আত্মত্যাগ ছিল আগুনে ঘৃতাহুতির মতো।' জামায়াতকে উদ্দেশ্য করে বিএনপির এই নেতা বলেন, 'তারা সব সময় ঘোলা পানিতে মাছ শিকার করতে গিয়ে নিজেরাই পানিতে পড়ে যায়। সীমান্ত হত্যা, পুশ ইন নানা ঘটনার পরেও ৫ আগস্টের পর ভারতের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার কথা বলেছে জামায়াত। আওয়ামী লীগ, শেখ হাসিনার টোনে জামায়াত কথা বললে, জনগণ তা মেনে নেবে না।'

আগামী মাসে চালু

আর্থিক প্রণোদনা ও ডুয়াল কারেন্সি কার্ডের মাধ্যমে আন্তর্জাতিক পেমেন্ট এবং ব্যাংকিং সুবিধা নিশ্চিত করার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। শনিবার (১৮ জুলাই) প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে প্রবাসী কার্ড চালুর উদ্যোগ-সংক্রান্ত এক বৈঠকে এ তথ্য জানানো হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন বিষয়টি জানিয়েছেন। বৈঠকে জানানো হয়, সরকারের নির্বাচনি অঙ্গীকারের অংশ হিসেবে এরই মধ্যে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও ক্রীড়া কার্ড বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। প্রবাসী কার্ডও সরকারের নির্বাচনি অঙ্গীকারের একটি গুরুত্বপূর্ণ অংশ। সেই ধারাবাহিকতায় এর পরীক্ষামূলক কার্যক্রম শুরু হচ্ছে। বৈঠকে জানানো হয়, প্রবাসী কার্ডের মাধ্যমে প্রবাসীরা অন্তত ১০টি বিশেষ সুবিধা পাবেন। এসব সুবিধার মধ্যে রয়েছে- দেশে ও বিদেশে কমপ্লিমেন্টারি এয়ারপোর্ট লাউঞ্জ ব্যবহারের সুযোগ, বিশেষ ইমিগ্রেশন বুথের মাধ্যমে দ্রুত সেবা, আন্তর্জাতিক বিমানবন্দরে কমপ্লিমেন্টারি মিট অ্যান্ড গ্রিট সেবা, বিমান টিকিট ও হোটেল বুকিংয়ে বিশেষ ছাড়, দেশে ও বিদেশে ন্যায্যমূল্যে গাড়ি বুকিং এবং সিগনেচার কার্ডধারীদের জন্য বিমানবন্দর থেকে নিয়ে যাওয়া ও আসা। এছাড়া সরকারি হাসপাতালে প্রবাসী সেবা বুথ ও বেসরকারি হাসপাতালে চিকিৎসাসেবায় বিশেষ ছাড়, কার্ডধারীর মৃত্যু হলে বিনা খরচে মরদেহ দেশে পরিবহনের সুবিধা, প্রবাসফেরতদের পুনর্বাসন ও বিমা সুবিধা, জমি রেজিস্ট্রেশন, নামজারি, পরিষেবা সংযোগ, লাইসেন্স প্রদান ও বৈদেশিক বিনিয়োগে অগ্রাধিকার, রেমিট্যান্স রিওয়ার্ড পয়েন্ট, ক্রেডিট স্কোরিং, ঋণ সুবিধা, কার্ডের মাধ্যমে সরাসরি অর্থ প্রেরণ ও সহজ লেনদেনের সুবিধা এবং জাতীয় পরিচয়পত্র (এনআইডি), পাসপোর্ট, কনস্যুলার সেবা, ব্যাংকিং ও সরকার প্রদত্ত অন্যান্য সেবায় অগ্রাধিকার থাকবে। সভায় আরও জানানো হয়, আগস্টের মাঝামাঝি সময়ে প্রবাসী কার্ডের পরীক্ষামূলক উদ্বোধন করা হবে। প্রথম পর্যায়ে রাষ্ট্রায়ত্ত জনতা ব্যাংকের মাধ্যমে প্রবাসী ডেবিট কার্ড ইস্যু করা হবে। ডিসেম্বরের মধ্যে ৫০ হাজার এবং আগামী বছরের জুন মাসের মধ্যে দুই লাখ প্রবাসী কার্ড বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

প্রাথমিক শিক্ষক বদলি

বছর পূর্ণ না হলে কোনো সহকারী শিক্ষক বদলির আবেদন করতে পারবেন না। বদলির পর তিন বছর না হলে পুনরায় বদলির সুযোগ মিলবে না। শূন্য পদের বিপরীতে বদলি করা যাবে এবং শিক্ষকের আবেদন ছাড়া বদলি করা যাবে না। তবে জনস্বার্থে জাতীয় কমিটির অনুমোদনে ব্যতিক্রম করা যাবে। এছাড়া পাঁচজন বা তার কম শিক্ষক থাকা কিংবা শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১ দশমিক ৪০-এর বেশি এমন বিদ্যালয় থেকে বদলি করা যাবে না। একই বিদ্যালয় থেকে একাধিক আবেদন হলে জ্যেষ্ঠ শিক্ষক অগ্রাধিকার পাবেন। একটি বিদ্যালয়ে সর্বোচ্চ তিনজন শিক্ষককে সংযুক্তি পদায়ন করা যাবে। সব শর্ত পূরণ সাপেক্ষে নারী শিক্ষকদের স্থায়ী বা স্বামীর ঠিকানার কাছাকাছি বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

'জুলাই ছিলো আগুনমাখা

অগ্নিসংযোগ করে। এদিনও সারাদেশে কমপক্ষে ২৫ জন নিহত ও কয়েকশত মানুষ আহত হবার খবর পাওয়া যায়।

বিভাগীয় সমাবেশে বরিশাল জেলা

মোঃ আলাউদ্দিন, গৌরনদী উপজেলা আমীর মাওলানা মোঃ আল আমিন, উজিরপুর উপজেলা আমীর মাওলানা আঃ খালেক, বানারীপাড়া উপজেলা আমীর খলিলুর রহমান শাহাদাত, বাবুগঞ্জ উপজেলা আমীর মোঃ রফিকুল ইসলাম, মুলাদী উপজেলা আমীর মাওলানা আবু ছালেহ, হিজলা উপজেলা আমীর মোঃ নুরুল আমিন, মেহেন্দিগঞ্জ উপজেলা আমীর মাওলানা শহিদুল ইসলাম এবং বাকেরগঞ্জ উপজেলা আমীর মোঃ ফিরোজ আলমের নেতৃত্বে জেলার নেতাকর্মীরা সুশৃঙ্খলভাবে সমাবেশে অংশগ্রহণ করেন। সমাবেশস্থলে পৌঁছে নেতাকর্মীরা শৃঙ্খলা বজায় রেখে মাঠে অবস্থান নেন এবং বিভিন্ন দাবির সমর্থনে স্লোগান দেন। ব্যানার, ফেস্টুন ও জাতীয় পতাকার পাশাপাশি দলীয় পতাকা হাতে নিয়ে তারা শান্তিপূর্ণ পরিবেশে কর্মসূচিতে অংশগ্রহণ করেন। সমাবেশের মঞ্চে জেলা নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও বরিশাল জেলা আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার, কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও জেলা নায়েবে আমীর ডক্টর এস.এম মাহফুজুর রহমান, জেলা নায়েবে আমীর মাস্টার আবদুল মান্নান, জেলা সেক্রেটারী মাওলানা মাহমুদুন্নবী তালুকদার, জেলা এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী মোঃ আজিজুর রহমান অলিদ ও সাইয়েদ আহমেদ খাঁন প্রমুখ। জেলা আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেন, গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা, গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদুর্ভোগ নিরসন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, অবহেলিত দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়ন, জুলাই সনদ বাস্তবায়ন এবং জুলাই হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করার দাবিতে জনগণের ব্যাপক সমর্থন রয়েছে। এসব দাবির প্রতি সংহতি জানাতেই জেলার প্রত্যন্ত অঞ্চল থেকে বিপুলসংখ্যক নেতাকর্মী স্বতঃস্ফূর্তভাবে বিভাগীয় সমাবেশে অংশগ্রহণ করেছেন। সার্বিকভাবে বরিশাল জেলা জামায়াতে ইসলামীর সুশৃঙ্খল, শান্তিপূর্ণ ও ব্যাপক উপস্থিতি বিভাগীয় সমাবেশে বিশেষভাবে দৃশ্যমান ছিল। জেলার বিভিন্ন উপজেলা থেকে নেতাকর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ সমাবেশে প্রাণচাঞ্চল্য সৃষ্টি করে।

কোনো অবস্থাতেই পুশ-ইন

আয়োজন করা হয়। প্রধান অতিথির বক্তব্যে কর্নেল মোহাম্মদ ফয়সাল হাসান খান আরও বলেন, 'বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ সামগ্রী প্রদানসহ সীমান্ত এলাকায় হতদরিদ্র, বেকার যুব শক্তিকে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ দিয়ে কর্মক্ষম করে তোলার মতো কর্মসূচি গ্রহণ করতে যাচ্ছে বিজিবি। ২৯ বিজিবি ব্যাটালিয়নের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল ৯টা থেকে শুরু হওয়া ফ্রি মেডিকেল ক্যাম্প সন্ধ্যা পর্যন্ত চলবে। এ কর্মসূচির মাধ্যমে ওই এলাকার ৬০০ জন নারী, পুরুষ ও শিশুকে বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে চিকিৎসা সেবা এবং প্রয়োজনীয় ওষুধ সামগ্রী বিতরণ করা হবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি) এর অধিনায়ক লে. কর্নেল মোহাম্মদ আরিফ-উজ্জামান, দিনাজপুর সেক্টরের ভারপ্রাপ্ত এসএমও ক্যাপ্টেন এস এম মাহদী জামান, সহকারী পরিচালক মো. মিজানুর রহমান, সহকারী পরিচালক মো. আব্দুল্যা-আল-মামুন।

হামের প্রাদুর্ভাব: উপসর্গে

সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১৬ হাজার ৭১০ জনে। তাদের মধ্যে নিশ্চিত হাম রোগী ১৪ হাজার ৩১৮ জন। একই সময়ে ৯৯ হাজার ২৪৯ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চিকিৎসা শেষে ৯৫ হাজার ৫২৯ জন হাসপাতাল ছেড়েছে।

বন্যায় মৃতের

মৌলভীবাজারে একজন মারা গেছেন। এছাড়া আহত হয়েছেন মোট ৪০ জন। এর মধ্যে খাগড়াছড়িতে একজন, বান্দরবানে দুজন, কক্সবাজারে ২৫ জন (স্থানীয় ২০ ও রোহিঙ্গা পাঁচ) এবং চট্টগ্রামে ১২ জন। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ক্ষতিগ্রস্ত জেলাগুলোতে নগদ অর্থ, চাল, শুকনো খাবার, শিশু খাদ্য, গোখাদ্য, ঢেউটিন ও গৃহ নির্মাণ অনুদানসহ ব্যাপক ত্রাণ সহায়তা বরাদ্দ দেওয়া হয়েছে। এসব ত্রাণের উল্লেখযোগ্য অংশ ইতোমধ্যে স্থানীয় প্রশাসনের মাধ্যমে বিতরণও করা হয়েছে। কক্সবাজারে সর্বোচ্চ ৪০ লাখ টাকা নগদ, ৪৫০ মেট্রিক টন চাল, এক হাজার বান্ডিল টিন, শিশু খাদ্য ও গোখাদ্য বরাদ্দ দেওয়া হয়েছে। চট্টগ্রামে বরাদ্দ দেওয়া হয়েছে ৭৫ লাখ টাকা নগদ, এক হাজার ২০০ মেট্রিক টন চাল, এক হাজার বান্ডিল টিন, শুকনো খাবার, শিশু খাদ্য ও গোখাদ্য। বান্দরবানে ২০ লাখ টাকা নগদ, ৪০০ মেট্রিক টন চাল, শিশু খাদ্য ও গোখাদ্য এবং প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অতিরিক্ত সহায়তা দেওয়া হয়েছে। এছাড়া খাগড়াছড়ি, রাঙামাটি, মৌলভীবাজার ও হবিগঞ্জেও নগদ অর্থ, চাল, শুকনো খাবার, ঢেউটিন এবং গৃহ নির্মাণ অনুদান বরাদ্দ ও বিতরণ অব্যাহত রয়েছে।

ক্রেডিট ইউনিয়নে মার্কেটিং-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা

একটি ক্রেডিট ইউনিয়নে সদস্যদের চাহিদা ও প্রয়োজনানুযায়ী প্রডাক্ট ও সার্ভিস কার্যক্রমের অপর পিঠ সেবামূখী সার্বিক কার্যক্রম। আর সার্বিক সেবামূখী ক্রেডিট ইউনিয়নের জন্য মার্কেটিং হলো সদস্যদের চাহিদা ও প্রয়োজনানুযায়ী প্রডাক্ট ও সার্ভিস উন্নয়ন ও প্রবর্তন করে, পুরাতন বা বর্তমান প্রডাক্ট ও সার্ভিসকে সমন্বিত করে কিভাবে বর্তমান এবং ভবিষ্যৎ সদস্যদের সেবা প্রদান করা হবে তার প্রচার কৌশল। একটি ক্রেডিট ইউনিয়ন তার প্রডাক্ট ও সার্ভিস সমূহকে সদস্যাদের নিকট গ্রহণীয় ও আকর্ষণীয় করে তুলতে সাধারণ প্রচলিত পদ্ধতি যেমন-সরাসরি যোগাযোগ, প্রচারপত্র, লিফলেট বা অন্যান্য প্রকাশনার মাধ্যমে জনসংযোগ করতে পারে। যার ফলে সংশ্লিষ্ট প্রডাক্ট ও সার্ভিসের চাহিদা ও প্রয়োজনের বৈশিষ্ট্য গুনাগুণ ও উপকারিতা সদস্যদের কাছে গ্রহণীয় হয়ে উঠবে।

মার্কেটিং-এর প্রধান লক্ষ্য, বর্তমান বা ভবিষ্যৎ সম্ভাবনাময় সদস্যদের চাহিদা ও প্রয়োজন জানা এবং সেই ভিত্তিতে ক্রেডিট ইউনিয়নের প্রডাক্ট ও সার্ভিস প্রবর্তন ও তা প্রচার-প্রকাশ। ক্রেডিট ইউনিয়ন সদস্যগণ যদি ক্রেডিট ইউনিয়নের প্রডাক্ট ও সার্ভিস গ্রহণ করে কিভাবে অধিক উপকৃত হওয়া সম্ভব তা জানতে না পারে বা তাদের যদি সেভাবে প্রস্তুত না করা হয় বা জানানো না হয় তবে ক্রেডিট ইউনিয়নের প্রডাক্ট ও সার্ভিসে যতই উপকৃত হওয়া সম্ভব হউকনা কেন, সদস্যগণ তা গ্রহণ করবে না। এজন্য প্রয়োজন প্রচার-প্রকাশ এবং তা সকল আধুনিক নীতি-কৌশল অনুসরণ করে। তাই ক্রেডিট ইউনিয়নে মার্কেটিং অত্যড় গুরুত্বপূর্ণ একটি উপাদান। অতি প্রয়োজনীয় প্রডাক্ট বা সার্ভিস সম্বন্ধে সদস্যগণকে ভাল ভাবে ওয়াকিফহাল/অবহিত করাই ক্রেডিট ইউনিয়নের প্রডাক্ট ও সার্ভিস মার্কেটিং।

পক্ষান্তরে ক্রেডিট ইউনিয়নে মার্কেটিং-এর প্রধান বৈশিষ্ট্য **প্রথমতঃ** বর্তমান বা ভবিষ্যৎ সম্ভাবনাহয় সদস্যদের চাহিদা ও প্রয়োজন জানা, **দ্বিতীয়তঃ** সদস্যদের সেই চাহিদা ও প্রয়োজনের নিরিখে নতুন প্রডাক্ট ও সার্ভিস উদ্ভাবন ও প্রবর্তন, এমনকি পুরাতন বা বর্তমান প্রডাক্ট ও সার্ভিসকে সেই অনুযায়ী পুনঃসমন্বিতকরণ। মার্কেটিং হলো সেই মৌলিক কার্যক্রম, যার মাধ্যমে সদস্যগণের কি ধরনের প্রডাক্ট ও সার্ভিস কিভাবে প্রয়োজন, তা সঠিকভাবে নিরূপন করে গ্রহণীয় ও আকর্ষণীয় ভাবে প্রডাক্ট ও সার্ভিস প্রদান করা। কি ধরনের এবং কিভাবে প্রডাক্ট ও সার্ভিস দিতে হবে সে বিষয়ে যখন জানা সম্ভব হবে তখনই প্রবর্তিত প্রডাক্ট ও সার্ভিস মার্কেটিং-এর বিভিন্ন পদ্ধতি প্রয়োগ করে সদস্যদের নিকট আকর্ষণীয় ও গ্রহণীয় করে তুলতে এবং গৃহীত প্রডাক্ট ও সার্ভিসের বৈশিষ্ট্য ও উপকৃত হওয়ার গুনাবলী/সম্ভাবনা প্রচার করতে হবে। মার্কেটিং-এর ধারণা হলো এমন একটি বিষয় যার মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের সকল বিষয় একসূত্রে গ্রথিত। ক্রেডিট ইউনিয়নের কর্মীগণ যেকোন কাজই করুক না কেন, তাদের ১ম কাজ বর্তমান বা ভবিষ্যৎ সম্ভাবনাময় সদস্যদের প্রয়োজন ও চাহিদা পূরণ করা। এজন্য ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মীদের মাঝে সহযোগীতাপূর্ণ দলবদ্ধ কার্যক্রম বিশেষভাবে প্রয়োজন। প্রতিটি কার্যক্রমে, যেমন-আসবাবপত্র বা অফিস যন্ত্রপাতি ক্রয়, সদস্যদের প্রত্যাশানুযায়ী লেনদেন, যাতায়াত সময়, এমনকি নতুন কর্মী নির্বাচনেও বর্তমান বা ভবিষ্যৎ সম্ভাবনাময় সদস্যদের মানসিকতা বিবেচনা করা একান্ত জরুরী। কি করলে বা না করলে সদস্যগণ প্রভাবিত হবেন বা হবেন না তা অবশ্যই বিবেচনায় রাখতে হবে।

স্মরণ রাখতে হবে সদস্যদের চাহিদা ও প্রয়োজনের প্রতি দৃষ্টি নিক্ষেপ করেই ক্রেডিট ইউনিয়নের সকল কার্যক্রম সফলভাবে এগিয়ে নেয়া সম্ভব। সদস্যদের চাহিদা ও প্রয়োজনকে গুরুত্ব দেয়া মানে, সব কিছুই সদস্যমুখী। সদস্যগণ সন্তুষ্ট হলে আপনার ক্রেডিট ইউনিয়ন নতুন এবং অধিক মুনাফা অর্জন করতে পারে। মার্কেটিং এবং মার্কেটিং-এর ধারণা সমন্ধে আপনার ক্রেডিট ইউনিয়নে পরিপূর্ণ ব্যবস্থা থাকতে হবে। কারণ ক্রেডিট ইউনিয়ন কার্যক্রমকে জনপ্রিয় ও গ্রহণীয় করতে প্রয়োজন কৌশলী ব্যবস্থাপনা। আর কৌশলী ব্যবস্থাপনার জন্য আপনার ক্রেডিট ইউনিয়নে থাকতে হবে মার্কেটিং-এর জন্য অঙ্গীকারপূর্ণ অবস্থান ও ইচ্ছা।

মো: খন্দকার নজরুল ইসলাম
প্রতিষ্ঠাতা ও সম্পাদক
দূর্গাপুর একতা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড

সরকারি খাল দখল, উচ্ছেদের

করে খালের জমিতে বেশ কিছু অবৈধ ব্যবসা প্রতিষ্ঠান ও পাকা স্থাপনা গড়ে তোলা হয়েছে। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, প্রতিমন্ত্রীর এই কঠোর নির্দেশনার পর দফাদারহাট খালের অবৈধ দখলদারদের তালিকা তৈরি এবং উচ্ছেদ অভিযান পরিচালনার আইনি প্রক্রিয়া ও আগাম প্রস্তুতি ইতিমধ্যেই শুরু করেছে স্থানীয় প্রশাসন। পরিদর্শনকালে উপজেলা বিএনপির আহ্বায়ক গিয়াস উদ্দিন দীপেন, সদস্য সচিব সিহাব আহমেদ সেলিমসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

হাইকোর্টে ৮ দিনে ৩৪৮৪৬

একদিন করে) মোট ২৭ হাজার ৯৩৯টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা এবং ৬ হাজার ৯০৭টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি হয়েছে এবং এখন পর্যন্ত পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ৩৪ হাজার ৮৪৬টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রিট মোশন বেঞ্চসমূহে দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান। বিচারপ্রার্থীদের দ্রুত ন্যায়বিচার নিশ্চিতকরণ, মামলাজট হ্রাস এবং বিচার ব্যবস্থার গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত এ বিশেষ উদ্যোগের আওতায় ধারাবাহিকভাবে বিপুল সংখ্যক পুরোনো মামলা নিষ্পত্তি করা হচ্ছে। এর আগে গত ৭ মে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন এবং রিট মোশন বেঞ্চসমূহের বিচারপতিরা দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তিকে অগ্রাধিকার দিয়ে প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে পুরোনো ক্রিমিনাল মিস ও পুরোনো রিট মামলা নিষ্পত্তির বিশেষ এ কার্যক্রম শুরু করেন। পুরোনো মামলা নিষ্পত্তির এ কার্যক্রম অব্যাহত থাকবে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অর্ধশত

শিক্ষার্থীদের। ভুক্তভোগী একাধিক নবীন শিক্ষার্থীর অভিযোগ, ক্যাম্পাসের কুকুর দেখলেও তাদের সালাম দিতে বলা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বাসে উঠতে নিষেধ করার পাশাপাশি হুমকি ও অশ্রাব্য ভাষা প্রয়োগ করা হয়েছে। মোবাইল ফোন, মানিব্যাগ ও ঘড়ি কেড়ে নিয়ে তাদের আটকে রাখা হয়। কয়েকজন নবীন শিক্ষার্থী র‍্যাগিংয়ের প্রতিবাদ করলে তাদের মারধরের হুমকি দেওয়া হয়। এ ঘটনা শিক্ষকদের জানালে কোনো বিচার হবে না এবং ক্যাম্পাস জীবন দুর্বিষহ করে দেওয়া হবে বলেও হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ। এ ঘটনার তদন্তে ইতোমধ্যে উদ্যোগ নিয়েছে ববি প্রশাসন। কীভাবে, কোন পথ দিয়ে এবং কখন নবীন শিক্ষার্থীদের ক্যাম্পাসের বাইরে নিয়ে যাওয়া হয়েছিল, তা জানতে তদন্ত কার্যক্রম পরিচালনা করা হবে। ভুক্তভোগী ও অভিযুক্তদের বক্তব্য সরাসরি গ্রহণের পর বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে ববি প্রশাসন। ভুক্তভোগী একাধিক শিক্ষার্থী একই অভিযোগ করে বলেন, অরিয়েন্টেশন প্রোগ্রামে আমাদের ইমিডিয়েট সিনিয়ররা খুবই ভালো ব্যবহার করেছেন এবং আপ্যায়ন করিয়েছেন। কিন্তু অনুষ্ঠান শেষে ববির ১ নম্বর গেট দিয়ে আমাদের ক্যাম্পাসের বাইরে নির্মাণাধীন একটি পাঁচতলা ভবনে নিয়ে পাঁচ ঘণ্টা মানসিকভাবে নির্যাতন করা হয়। এতে একজন ছাত্রী অজ্ঞান হয়ে পড়েন। এ পরিস্থিতি সহ্য করতে না পেরে কয়েকজন ছাত্রী কান্না করেন। এসব বিষয় যেন শিক্ষকদের না জানাই, সেজন্য আমাদের শাসানো হয়। ববির সহকারী প্রক্টর ড. গাজী সাখাওয়াত হোসেন বলেন, দুই পক্ষই আমাদের সন্তানের মতো। আমরা তাদের কোনো ক্ষতি চাই না। কিন্তু ববি যখন র‍্যাগিংমুক্ত ক্যাম্পাস ঘোষণার দ্বারপ্রান্তে, ঠিক তখন এমন অভিযোগ ওঠায় আমরা খুবই কষ্ট পেয়েছি। এ ঘটনার তদন্ত শেষে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। র‍্যাগিং ইস্যুতে ববির অবস্থান জিরো টলারেন্স।

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র যৌথ

অংশ। এই দ্বিপক্ষীয় মহড়ার লক্ষ্য হলো পেশাগত সম্পর্ক আরও শক্তিশালী করা, সামরিক কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি, প্রস্তুতি উন্নত করা এবং যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী ও বাংলাদেশ সেনাবাহিনীর মধ্যে পারস্পরিক সমন্বয় ও আন্তঃকার্যক্ষমতা আরও জোরদার করা। টাইগার লাইটনিং হলো যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী ও বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মধ্যে একটি দ্বিপক্ষীয় যৌথ সামরিক মহড়া, যা ২০১৭ সালে শুরু হয়। কোভিড-১৯ মহামারির সময় এটি সাময়িকভাবে স্থগিত থাকলেও পরবর্তী পাঁচ বছর ধরে ধারাবাহিকভাবে অনুষ্ঠিত হয়ে আসছে। মহড়াটি শ্রেণিকক্ষভিত্তিক ও মাঠপর্যায়ের বিভিন্ন পরিবেশে পরিচালিত হবে এবং এর সমাপনী পর্বে একটি পূর্ণাঙ্গ ফিল্ড ট্রেনিং এক্সারসাইজ অনুষ্ঠিত হবে।

৫ ব্যাংক একীভূতকরণ : সংখ্যাই বলছে সংকট কতটা গভীর

কীর্তনখোলা ডেস্ক

কাগজে-কলমে নতুন একটি ব্যাংক গঠনের প্রক্রিয়া শুরু হলেও বাস্তবতা বলছে ভিন্ন কথা। খেলাপি ঋণ, মূলধন ঘাটতি ও তারল্য সংকটে জর্জরিত পাঁচটি ব্যাংকের আর্থিক ভিত্তি কতটা দুর্বলড় তার স্পষ্ট চিত্র উঠে এসেছে বাংলাদেশ ব্যাংকের ফরেনসিক অডিটে। সেই পরিসংখ্যানই বলছে, নতুন ব্যাংকের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হবে আর্থিক সক্ষমতা পুনর্গঠন এবং আমানতকারীদের আস্থা ফিরিয়ে আনা। বাংলাদেশ ব্যাংকের ফরেনসিক অডিট ও অ্যাসেট কোয়ালিটি রিভিউ (একিউআর) প্রতিবেদনে যে চিত্র উঠে এসেছে, তা দেশের ব্যাংকিং খাতের জন্য এক ধরনের সতর্কবার্তা। পর্যালোচনায় দেখা গেছে, সংকটে থাকা পাঁচটি ইসলামী ব্যাংকের আর্থিক অবস্থার অবনতি এতটাই গভীর যে প্রচলিত উপায়ে সেগুলোকে আলাদাভাবে টিকিয়ে রাখা প্রায় অসম্ভব হয়ে পড়েছিল। সে কারণেই শেষ পর্যন্ত একীভূতকরণের পথ বেছে নিয়েছে সরকার ও কেন্দ্রীয় ব্যাংক। তবে প্রশ্ন রয়ে গেছেড় নতুন নামে একটি ব্যাংক গঠন করলেই কি এত বড় আর্থিক সংকট কাটিয়ে ওঠা সম্ভব হবে, নাকি প্রকৃত চ্যালেঞ্জ শুরু হবে এখন থেকেই?

একটি ব্যাংকের প্রধান সম্পদ তার বিতরণ করা ঋণ। সেই ঋণ নিয়মিত পরিশোধ হলে ব্যাংক সুদ আয় করে, আমানতের বিপরীতে মুনাফা দেয় এবং নতুন ঋণ বিতরণের সক্ষমতা অর্জন করে। কিন্তু একীভূত হওয়া পাঁচটি ব্যাংকের ক্ষেত্রে সেই স্বাভাবিক চক্র প্রায় পুরোপুরি ভেঙে পড়েছে।

বাংলাদেশ ব্যাংকের ফরেনসিক অডিট অনুযায়ী, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের মোট ঋণের প্রায় ৯৬ শতাংশই এখন মন্দ ঋণ হিসেবে চিহ্নিত। ইউনিয়ন ব্যাংকে এই হার প্রায় ৯৮ শতাংশ। গ্লোবাল ইসলামী ব্যাংকের ক্ষেত্রেও ৯৫ শতাংশের বেশি ঋণ ঝুঁকিপূর্ণ। সোশ্যাল ইসলামী ব্যাংকের (এসআইবিএল) ৬২ শতাংশ এবং এক্সিম ব্যাংকের ৪৮ শতাংশ মন্দ ঋণ, যা কোনোভাবেই আদায়যোগ্য নয়।

অর্থাৎ, ব্যাংকগুলোর ব্যালেন্স শিটে এসব ঋণ সম্পদ হিসেবে থাকলেও বাস্তবে সেখান থেকে অর্থ উদ্ধার হওয়ার সম্ভাবনা অত্যন্ত সীমিত। ফলে পাঁচটি ব্যাংকের সম্মিলিত মূলধন ঘাটতি বেড়ে দাঁড়িয়েছে দেড় লাখ কোটি টাকারও বেশি, যা বাংলাদেশের ব্যাংকিং ইতিহাসে নজিরবিহীন।

ব্যাংকিং বিশ্লেষকদের ভাষায়, কোনো ব্যাংকের মূলধন নেতিবাচক হয়ে গেলে সেটি কার্যত নিজের আর্থিক ধাক্কা সামাল দেওয়ার সক্ষমতা হারায়। তখন কেন্দ্রীয় ব্যাংকের বিশেষ সহায়তা ছাড়া সেই ব্যাংকের কার্যক্রম চালিয়ে নেওয়া কঠিন হয়ে পড়ে।

এই সংকটের সবচেয়ে বড় ভুক্তভোগী সাধারণ আমানতকারীরা। এমনই একজন অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক আবদুল কাদের। গত এক বছর ধরে গ্লোবাল ইসলামী ব্যাংকের ধানমন্ডি শাখায় ঘুরছেন তিনি। অবসরের পর পাওয়া পেনশনের টাকা দিয়ে নিজের চিকিৎসা ও ওষুধের খরচ চালাতেন। তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, 'সারা জীবন সততার সঙ্গে চাকরি করে শেষ বয়সে নিজের জমানো পেনশনের টাকা তুলতে পারছি না। মাসে মাত্র কয়েক হাজার টাকা দেওয়া হচ্ছে, যা দিয়ে চিকিৎসার খরচই চলে না।'

শের-ই-বাংলা মেডিকেল কলেজ

সন্দেহজনকভাবে কথা বলতে ও ঘোরাফেরা করতে দেখেন। পরে তিনি বিষয়টি প্লাটুন কমান্ডার (পিসি) মো. নাগর আলীকে অবহিত করেন। প্লাটুন কমান্ডারের উপস্থিতিতে তাদের জিজ্ঞাসাবাদ করা হলে তারা স্বীকার করেন যে, হাসপাতালের রোগীদের কম খরচে বিভিন্ন চিকিৎসাসংক্রান্ত পরীক্ষা করিয়ে দেওয়ার কথা বলে হাসপাতালের বাইরে অবস্থিত বিভিন্ন বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে যেতেন। এসব প্রতিষ্ঠানে রোগীদের পরীক্ষা করানোর বিনিময়ে তারা কমিশন গ্রহণ করতেন। স্বীকারোক্তির পর তাৎক্ষণিকভাবে তাদের আটক করা হয়। আটক ব্যক্তিরা হলেন মোছা. মিতু আক্তার, মোছা. খদিজা এবং মোছা. হাফেজা বেগম। হাসপাতাল কর্তৃপক্ষের নির্দেশনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আটক তিন নারীকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা সরকারি হাসপাতালসমূহে দালালচক্রের অপতৎপরতা প্রতিরোধ, রোগী ও তাদের স্বজনদের নিরাপত্তা নিশ্চিত এবং সেবার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সার্বক্ষণিক সতর্কতা, পেশাদারিত্ব ও দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন।

বাউফলে ১১ দরিদ্র পরিবারকে

এবং আগামীতেও উপজেলার প্রতিটি ইউনিয়নে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর এই ধারা অব্যাহত থাকবে। ইনশাল্লাহ। বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক মো. সহিদুল ইসলাম মৃধার সভাপতিত্বে অনুষ্ঠানে এলাকার স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। যাকাত ফাউন্ডেশনের এই উপহার পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন সুবিধাভোগীরা। নওমালার ১ নং ওয়ার্ডের বাসিন্দা সোনাজান (৬০) তার প্রতিক্রিয়ায় বলেন, “এই বয়সে এসে ছাগলগুলো পেয়ে আমার খুব উপকার হলো। এগুলো লালন-পালন করে এখন আমি একটু ভালোভাবে চলতে পারব।” একই অনুভূতি প্রকাশ করে নওমালার ৪ নং ওয়ার্ডের বটকাজল এলাকার আসমা খাতুন (৩৫) বলেন, “সংসার চালাতে আমাদের খুব কষ্ট হতো। এই সহায়তার কারণে আমাদের আয়ের একটা নতুন পথ তৈরি হলো। আমরা অনেক কৃতজ্ঞ।” নওমালা ইউনিয়নের আবদুর রহিম (৬০) বলেন, “আমাদের মতো গরিব মানুষের পাশে এভাবে দাঁড়ানোয় ড. মাসুদের প্রতি আমরা কৃতজ্ঞ। এই ছাগলগুলো দিয়ে নিজের পায়ে দাঁড়ানোর একটা বড় অবলম্বন পেলাম।” এদিকে, যাকাতভিত্তিক এই স্বাবলম্বী কর্মসূচিকে ইতিবাচক হিসেবে দেখছেন স্থানীয় সচেতন মহল। এলাকার শিক্ষাবিদ ও সমাজচিন্তাবিদদের মতে, কেবল সাময়িক ত্রাণ বা আর্থিক সাহায্য না দিয়ে প্রান্তিক পরিবারগুলোকে উৎপাদনশীল উপায়ের সাথে যুক্ত করা অত্যন্ত প্রশংসনীয় উদ্যোগ। তবে এই ছাগলগুলো যাতে সঠিকভাবে লালন-পালন করা যায় এবং এর মাধ্যমে পরিবারগুলো সত্যিকার অর্থেই দারিদ্র্যের বৃত্ত থেকে বের হতে পারে, সেজন্য নিয়মিত তদারকি ও চিকিৎসার বিষয়েও সংশ্লিষ্টদের নজর রাখা প্রয়োজন।

খালে গোসল করতে নেমে নিখোঁজ

সূত্রে জানায়, শনিবার বেলা ১১টার দিকে রাজাপুর থেকে ১৫ জনের একটি দল ট্রলারে করে ভ্রমণের উদ্দেশ্যে ভিমরুলী এলাকায় আসে। ঘোরাঘুরি শেষে দুপুরের খাবার খেয়ে দুপুর সোয়া ২টার দিকে ভিমরুলী বাজারের উত্তর পাশের নদীতে গোসল করতে নামে তারা। গোসলের একপর্যায়ে মো: সানি খালপাড়ে থাকা একটি আমগাছ থেকে নদীতে ঝাঁপ দেয়। তবে ঝাঁপ দেয়ার পর সে আর পানির ওপর ভেসে ওঠেনি। পরে তার সাথে থাকা অন্যরা তাৎক্ষণিকভাবে তাকে খোঁজাখুঁজি শুরু করে। কিন্তু তাকে খুঁজে না পেয়ে বিষয়টি পুলিশ ও ফায়ার সার্ভিসকে অবহিত করে তারা। খবর পেয়ে দ্রুত সময়ের মধ্যে থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করেন। পরে সন্ধ্যা ৭টার দিকে ফায়ার সার্ভিসের ডুবুরি দল কিশোর সানিকে উদ্ধার করতে সক্ষম হয়। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ হাসান বলেন, নিখোঁজ কিশোরকে ফায়ার সার্ভিসের ডুবুরি দল উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের সাথে আলোচনা করে পরবর্তী আইনি প্রক্রিয়া গ্রহণ করা হবে।

বরিশাল সদর বিএনপির কমিটিতে

আলম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রদল নেতা মো. রেজাউল করিম রেজা রাড়ীসহ অন্যরা। লিখিত বক্তব্যে জিয়াউল ইসলাম সাবু বলেন, ২০২২ সালে আলহাজ নুরুল আমিনকে আহ্বায়ক করে গঠিত কমিটি নিয়ে ব্যাপক বিতর্ক সৃষ্টি হলে কেন্দ্রীয় তদন্ত ও সাংগঠনিক সিদ্ধান্তের ভিত্তিতে তা বিলুপ্ত করা হয়। পরে নতুন নেতৃত্বের মাধ্যমে আরেকটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়, যা আন্দোলন-সংগ্রামে সক্রিয় ভূমিকা পালন করেছে বলে দাবি করেন তিনি। তার অভিযোগ, জাতীয় সংসদ নির্বাচনের আগে কোনো আলোচনা ছাড়াই পুনরায় নুরুল আমিনকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করা হয়। পরে ওই কমিটি জেলা বিএনপির সঙ্গে আলোচনা ছাড়াই গত ১২ জুলাই ১৬১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করিয়ে আনে। তিনি দাবি করেন, নতুন কমিটিতে ত্যাগী নেতাদের বাদ দিয়ে আওয়ামী লীগ-সংশ্লিষ্ট ও বিতর্কিত ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে। এমনকি কয়েক মাস আগে মারা যাওয়া একজন ব্যক্তির নামও সদস্য তালিকায় রয়েছে। এ ছাড়া আওয়ামী লীগের বিভিন্ন কর্মকাণ্ডে সম্পৃক্ত ব্যক্তিদেরও গুরুত্বপূর্ণ পদ দেওয়া হয়েছে বলে অভিযোগ করেন তিনি। জিয়াউল ইসলাম সাবু আরও অভিযোগ করেন, বর্তমান আহ্বায়ক নুরুল আমিন অতীতে জামায়াতের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন এবং এখনও জামায়াত পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। সংবাদ সম্মেলনে বক্তারা বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ কেন্দ্রীয় নেতাদের প্রতি অভিযোগ তদন্ত করে বিতর্কিত কমিটি বিলুপ্ত করার দাবি জানান। অন্যথায় এ কমিটির বিরুদ্ধে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি দেওয়া হবে বলেও হুঁশিয়ারি দেন। তবে সব অভিযোগ অস্বীকার করেছেন বরিশাল সদর উপজেলা বিএনপির আহ্বায়ক নুরুল আমিন। তিনি বলেন, ‘অভিযোগগুলো সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও বানোয়াট। কেন্দ্রীয় নেতৃবৃন্দ তদন্ত ও যাচাই-বাছাই করেই কমিটি অনুমোদন দিয়েছেন। একটি স্বার্থান্বেষী মহল দলের সুনাম ক্ষুণ্ন করতে এসব অভিযোগ তুলছে।’

মসজিদে ঢুকে ইমামকে মারধর

স্থানীয়রা তাকে উদ্ধার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। ঘটনার খবর ছড়িয়ে পড়লে স্থানীয় মুসল্লি ও এলাকাবাসী মসজিদের সামনে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেন। সমাবেশে মসজিদ পরিচালনা কমিটির সহসভাপতি মো. বকুল বলেন, ধর্মীয় উপাসনালয়ে এমন হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া উচিত। এদিকে অভিযুক্তদের বক্তব্য জানতে তাদের বাড়িতে গিয়ে কাউকে পাওয়া যায়নি।

নগরীতে এক হাজার

হয়। পরে তাকে ঘটনাস্থল থেকেই গ্রেফতার করা হয়। গ্রেফতার জিহাদ সরদার বরিশালের গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের আধোনা গ্রামের বাসিন্দা সবুজ সরদারের ছেলে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের উপ পরিচালক মোহাম্মদ খোরশিদ আলম বাসস'কে জানান, গ্রেফতার ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বরিশাল কোতয়ালি মডেল থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। উদ্ধার হওয়া ইয়াবার উৎস এবং এর সঙ্গে জড়িত অন্যদের শনাক্তে তদন্ত চলছে।

বাউফলে অভিনব প্রচার, মাদক

এ উদ্যোগ নেন বাউফল উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক সামুয়েল আহমেদ লেনিন। প্রচারণায় বলা হয়, “মাদক কেনাবেচা, সরবরাহ, বিজ্ঞাপন, মধ্যস্থতা বা লেনদেনের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) বিল-২০২৬ পাস হয়েছে।” এ ঘোষণাকে স্বাগত জানিয়ে স্থানীয়রা মনে করছেন, মাদকের ভয়াবহতা রোধে এটি সরকারের একটি সময়োপযোগী ও সাহসী পদক্ষেপ। ?নিজের এই উদ্যোগ সম্পর্কে সামুয়েল আহমেদ লেনিন বলেন, “মাদকের আগ্রাসন আজ ঘরে ঘরে। মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান যে সাহসী আইন পাস করেছেন, তা সাধারণ মানুষের জানা প্রয়োজন। আমি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে নয়, বরং মানবিক দায়বদ্ধতা থেকেই এই প্রচারণা চালিয়েছি। মানুষ সচেতন হলে মাদকের ভয়াবহতা কমবে, আর শাস্তির মুখোমুখি হওয়ার প্রয়োজনও পড়বে না।” ?উল্লেখ্য, সামুয়েল আহমেদ লেনিনের বাসভবনের প্রধান ফটকে দীর্ঘদিন ধরেই মাদকবিরোধী সচেতনতামূলক পোস্টার টানানো রয়েছে। সেখানে মাদককে ‘না’ বলার আহ্বানের পাশাপাশি এর শারীরিক, মানসিক ও সামাজিক ক্ষতির বিষয়গুলো তুলে ধরা হয়েছে। এর আগেও ব্যতিক্রমী পোস্টার প্রচারের মাধ্যমে তিনি আলোচনায় এসেছিলেন। এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন স্থানীয় প্রশাসনের কর্মকর্তারাও। বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমদ বলেন, “এটি নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। সমাজ থেকে মাদক নির্মূলে যার যার অবস্থান থেকে এ ধরনের সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হলে আমরা দ্রুতই একটি মাদকমুক্ত সমাজ গড়ে তুলতে সক্ষম হব।” মো: এনায়েত হোসেন বলেন, “নিঃসন্দেহে এটি একটি ভালো উদ্যোগ। আমি এ উদ্যোগকে স্বাগত জানাই। সমাজের সচেতন নাগরিকদের উচিত এটিকে একটি গণসচেনতামূলক আন্দোলনে পরিণত করা। যত বেশি মানুষের কাছে মাদকের ভয়াবহতা ও এর সর্বোচ্চ শাস্তির বিষয়টি পৌঁছে দেওয়া যাবে, তত বেশি মানুষ মাদক থেকে দূরে থাকবে।” ?বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম সিরাজ বলেন, “জনসচেতনতার কোনো বিকল্প নেই। গতকালের মাইকিং প্রচারণাটি ছিল অত্যন্ত সময়োপযোগী। যারা মাদকবিরোধী সচেতনতায় কাজ করছেন, তাদের এমন উদ্যোগ সত্যিই অনুসরণযোগ্য।” তিনি আরও বলেন, “বাউফল থানা মাদক নিয়ন্ত্রণে যথেষ্ট কাজ করছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে বাউফল থানা বদ্ধপরিকর।” ?পৌর এলাকার সচেতন নাগরিকরা বলছেন, প্রশাসনের পাশাপাশি সামাজিকভাবেও যদি মাদকের কুফল ও কঠোর শাস্তির বার্তা মানুষের কাছে ছড়িয়ে দেওয়া যায়, তাহলে তরুণ প্রজন্ম মাদক থেকে দূরে থাকবে এবং একটি সুন্দর, নিরাপদ ও মাদকমুক্ত সমাজ গড়ে তোলা সম্ভব হবে।

বুলডোজার দিয়ে আ.লীগ নেতার বাড়ি

সভাপতি ও ইউপি চেয়ারম্যান মো. মিজানুর রহমান লাভলু কাজীর একতলা বসতবাড়িতে এ ঘটনা ঘটে। এলাকাবাসী সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৫ আগষ্ট ছাত্র-জনতার আন্দোলনে আওয়ামী সরকারের পতনের পর লাভলু কাজী সপরিবারে এলাকা ছেড়ে অন্যত্র চলে যান। বাড়িতে তার বৃদ্ধ মা একা বসবাস করতেন। শুক্রবার (১৭ জুলাই) বিকেলে তার মা অসুস্থ হয়ে স্থানীয় হাসপাতালে ভর্তি হন। বাড়িতে কোনো লোকজন না থাকার সুযোগে শুক্রবার দিবাগত গভীর রাতে (আনুমানিক ২টা) বুলডোজার মেশিন দিয়ে একতলা ভবনটি ভেঙ্গে ফেলে ঘরে থাকা মালামাল লুটপাট করে এবং অগ্নিসংযোগ করে চলে যায় দুর্বৃত্তরা। এ বিষয়ে কথা বলার জন্য লাভলু কাজীর মোবাইলফোনে একাধিক বার কল করা হলেও তার মোবাইলফোন বন্ধ পাওয়া যায়। তবে তার ভাই কাজী মশিউর রহমান বাবলু শনিবার (১৮ জুলাই) সকালে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশাসন ও বিএনপি নেতাদের কাছে সাহায্য চেয়ে আকুতি জানিয়ে পোস্ট দেন। সেখানে তিনি অভিযোগ করেন, পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য আলতাফ হোসেন চৌধুরীর নির্দেশে তার ভাই শাহীন চৌধুরী, হাওলাদার পলাশ, হাওলাদার মনির খন্দকার, সুমন তালুকদার, মহসিন মেম্বার ও ছাত্রদল নেতা মিরাজের নেতৃত্বে বুলডোজার দিয়ে রাতভর তাণ্ডব চালিয়ে ভাঙচুর করে গুড়িয়ে দেয়। পরে বাড়িতে থাকা মালামাল লুট করে এবং লুটপাট শেষে বাড়িতে অগ্নিসংযোগ করে চলে যায় তারা।’ এ বিষয়ে পটুয়াখালী জেলা বিএনপির সভাপতি স্নেহাংশু সরকার কুট্টি সাংবাদিকদের বলেন, ‘আমি বিষয়টা শুনেছি। তবে কী হয়েছে বিস্তারিত জানি না, জানার চেষ্টা করছি।’ মির্জাগঞ্জ উপজেলার নির্বাহী কর্মকর্তা শেখ মোহাম্মদ রাসেল বলেন, ‘আমি বিষয়টি জানতে পেরে সকালেই ঘটনাস্থলে যাই এবং পরিদর্শন করি। আমি সেখানে থাকা আশপাশের দোকানপাটের সাধারণ মানুষজনকে কী হয়েছে তা জিজ্ঞেস করি, কিন্তু কেউই তা সঠিকভাবে বলতে পারছে না।’ মির্জাগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. তৌহিদুজ্জামান বলেন, ‘মাধবখালী ইউনিয়নের কাঁঠালতলীতে একটি বসতবাড়িতে কে বা কারা হামলা চালিয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে, এমন সংবাদ পেয়েছি। সারারাত আমার মোবাইলফোন ওপেন ছিল, কেউ ফোন বা মেসেজ দেয়নি। এমনকি মাধবখালীতে পুলিশ ফাঁড়ি রয়েছে, সেখানে কর্মরতরাও কোনো মেসেজ দেয়নি। পরে সকাল ৬টার দিকে সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যদের নিয়ে ঘটনাস্থলে যাই।’ তিনি আরও বলেন, ‘এ বিষয়ে এখনো পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

সৌদি আরবে মার্কিন ঘাঁটিতে

হয়েছে বলে জানা গেছে। মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস-এর এক প্রতিবেদক যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তার বরাত দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ এ তথ্য জানান। তবে হামলার লক্ষ্যবস্তু বা ক্ষয়ক্ষতি সম্পর্কে ওই পোস্টে অতিরিক্ত কোনো তথ্য দেওয়া হয়নি বলে সংবাদ প্রকাশ করে তুর্কি বার্তা সংস্থা আনাদোলু এজেন্সি। এর আগে গত এপ্রিলের শুরুতে সৌদি আরবের জুবাইল পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সে হামলার মাধ্যমে সর্বশেষ সৌদি ভূখণ্ডে আঘাত হেনেছিল ইরান। পাকিস্তানের মধ্যস্থতায় হওয়া যুদ্ধবিরতি ভেঙে যাওয়ার পর হরমুজ প্রণালি ঘিরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সাম্প্রতিক সপ্তাহগুলোতে পাল্টাপাল্টি সামরিক হামলার মধ্যেই এ হামলার খবর সামনে এলো। প্রসঙ্গত, জেনেভা শহরে আলোচনা চলা অবস্থায় গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালায় মার্কিন-ইসরায়েলি যৌথবাহিনী। এতে আয়াতুল্লাহ আলী খামেনিসহ বেশ কয়েকজন শীর্ষ কর্মকর্তা নিহত হন। এর প্রতিবাদে ৩৯ দিনে ইসরায়েল ও মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে ১০০ দফা হামলা চালায় ইরান। এরপর ইরানের ১০ দফা প্রস্তাবের ভিত্তিতে ৭ এপ্রিল যুদ্ধবিরতির প্রস্তাব দেন ট্রাম্প। পাকিস্তানের মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হয় এবং ১১ এপ্রিল ইসলামাবাদে সরাসরি বৈঠক করেন দুই দেশের প্রতিনিধিরা। আলোচনা ফলপ্রসূ না হওয়ায় ১৩ এপ্রিল হরমুজে নৌ-অবরোধ আরোপ করা হয়। এরপর কয়েক দফা যুদ্ধবিরতির সময় বাড়ান ট্রাম্প। সর্বশেষ, ইরানের ১৪ দফা শর্তের ভিত্তিতে গত ১৮ জুন একটি সমঝোতায় পৌঁছায় দুই পক্ষ। অ্যাক্সিওস এর সংবাদের তথ্য মতে, ১৪ দফার ভিত্তিতে দুই পক্ষ ৬০ দিনের জন্য আলোচনায় সম্মত হয়েছে এবং ইরানের ওপর হামলা তথা যুদ্ধ বন্ধের বিনিময়ে হরমুজ প্রণালি খুলে দেওয়া হয়েছে। হরমুজ প্রণালির ব্যবস্থাপনা ইস্যুতে গত সপ্তাহে ফের সংঘাতে জড়িয়েছে ইরান-যুক্তরাষ্ট্র। ইরানের দক্ষিণাঞ্চলীয় বিভিন্ন শহর ও সামরিক স্থাপনা লক্ষ্য করে বিমান হামলা চালিয়ে যাচ্ছে মার্কিন বাহিনী। এর জবাবে কুয়েত, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও সিরিয়ায় অবস্থিত মার্কিন ঘাঁটিগুলো লক্ষ্য করে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালাচ্ছে ইরান।

মার্কিন হামলায় ইরানের ১০ হাজার

২০টি গ্রামের প্রায় ১০ হাজার বাসিন্দার সুপেয় পানির সরবরাহ বন্ধ হয়ে গেছে। শনিবার (১৮ জুলাই) আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। ইরানের আধা সরকারি সংবাদমাধ্যম তাসনিম নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে হরমোজগান ওয়াটার অ্যান্ড ওয়েস্টওয়াটার কোম্পানির সিইও হামজেহ পুর বলেন, ইরানের জাস্ক কাউন্টির উপকূলীয় বুঞ্জি গ্রামে একটি পানি পরিশোধন পাম্পে মার্কিন বাহিনী হামলা চালিয়েছে। এতে প্রায় ১০ হাজার জনসংখ্যার ২০টি গ্রামে সুপেয় পানির সরবরাহ সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। পুর এই মার্কিন হামলাকে ‘ধারাবাহিক অপরাধ ও সন্ত্রাসী হামলা’ হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেন, এ হামলার ফলে সমুদ্র থেকে পানি তোলার একটি পাম্পিং স্টেশন এবং বুঞ্জি পানি পরিশোধন কেন্দ্রের একটি বিদ্যুৎ ট্রান্সফরমার সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গেছে। ইরানের এ কর্মকর্তা বলেন, এসব গ্রামের বাসিন্দারা তীব্র পানি সংকটের সম্মুখীন হচ্ছেন। এদিকে মার্কিন হামলার জবাবে মধ্যপ্রাচ্যজুড়ে পাল্টা হামলা চালিয়েছে ইরান। কুয়েতের বিদ্যুৎ, পানি ও নবায়নযোগ্য জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের সাম্প্রতিক হামলার পর একটি বিদ্যুৎ ও পানি পরিশোধন কেন্দ্রের একটি অংশে আগুন লেগেছে। মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, এর ফলে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য হয়ে পড়েছে। এজন্য কেন্দ্র ও এর কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং বিদ্যুৎ গ্রিডের স্থিতিশীলতা বজায় রাখতে কয়েকটি বিদ্যুৎ উৎপাদন ইউনিটের সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। বিবৃতিতে মন্ত্রণালয় আরও জানিয়েছে, হামলার সঙ্গে সঙ্গেই সব কার্যক্রম ও জরুরি পরিকল্পনা সক্রিয় করা হয়েছে। এর ফলে বিদ্যুৎ ও পানি উভয় নেটওয়ার্কের ধারাবাহিকতা ও স্থিতিশীলতা বজায় রয়েছে। এ পদক্ষেপের মাধ্যমে পরিষেবার ওপর সম্ভাব্য প্রভাব সীমিত রাখা সম্ভব হয়েছে। একই সঙ্গে সার্বক্ষণিক প্রযুক্তিগত ও কার্যক্রমগত পর্যবেক্ষণ অব্যাহত রয়েছে। এর আগে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করা এক বার্তায় সেন্টকমের পক্ষ থেকে বলা হয়েছে, ইরানে টানা ৭ রাত ধরে অভিযান পরিচালনা করছে সেন্টকম। মার্কিন প্রতিরক্ষা বাহিনীর কমান্ডার ইন চিফের (প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প) নির্দেশনা মেনে ইরানের সামরিক সক্ষমতা হ্রাস করতে আমাদের প্রচেষ্টা অব্যাহত আছে।

ব্যবসায়ীর বাড়ি থেকে ৩৪

লুকিয়ে রাখা ৩০ ও ৫০ কেজি ওজনের মোট ৩৪ বস্তা চাল উদ্ধার করা হয়। উদ্ধার করা চালগুলো সরকারি হেফাজতে রাখা হয়েছে। চালগুলো কীভাবে সেখানে এলো এবং এ ঘটনায় আর কেউ জড়িত রয়েছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। তদন্ত শেষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে উপজেলা প্রশাসন। অভিযুক্ত ব্যবসায়ী জসিম সর্দ্দারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। তবে তার স্ত্রী দাবি করেন, তাদের মুদি দোকান রয়েছে। ভিজিএফ কার্ডধারীদের কাছ থেকে নগদ টাকায় চালগুলো কিনে দোকানে বিক্রির উদ্দেশ্যে বাড়িতে রাখা হয়েছিল। লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. সিফাত বিন সাদেক বলেন, খবর পেয়ে আমরা চালগুলো উদ্ধার করে সরকারি হেফাজতে রেখেছি। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হবে। কীভাবে সরকারি ভিজিএফের চাল সেখানে মজুত হলো, তা খতিয়ে দেখে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ঝালকাঠিতে ভবনে ডাকাতি, হাত-পা

একাই ছিলেন। রাত পৌনে ৮টার দিকে তাঁরা ফিরে এসে ভবনের নিচতলা থেকে তৃতীয় তলা পর্যন্ত বিভিন্ন কক্ষের দরজার তালা ভাঙা দেখতে পান। পরে মলিনা রায়ের মেয়ে বাসার দরজা খোলা এবং ঘরের ভেতরের মালামাল ছড়ানো অবস্থায় দেখতে পান। একপর্যায়ে ঘরের ভেতরে প্রবেশ করে তিনি তাঁর মাকে হাত-পা বাঁধা এবং মাথায় বস্তা পরানো অবস্থায় মেঝেতে পড়ে থাকতে দেখেন। পরে তাঁর চিৎকারে স্বজন ও প্রতিবেশীরা এগিয়ে এসে মলিনা রায়কে ঝালকাঠি সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাঁকে মৃত ঘোষণা করেন। ভবনের মালিক তপন হালদার বলেন, ‘রথযাত্রা উপলক্ষে আমরা সবাই সকালে কীর্তিপাশায় গিয়েছিলাম। রাতে ফিরে এসে দেখি নিচতলার ভাড়াটিয়া, দ্বিতীয় তলায় আমার বাসা এবং তৃতীয় তলার ভাড়াটিয়ার বাসার তালা ভাঙা। ঘরের ভেতরের সবকিছু তছনছ হয়ে পড়ে আছে। পরে নিচতলার ভাড়াটিয়ার মেয়ে তাঁর মাকে মেঝেতে পড়ে থাকতে দেখে চিৎকার দিলে আমরা ছুটে যাই।’ তৃতীয় তলার ভাড়াটিয়া পল্লবী বড়াল বলেন, ‘আমরা সবাই অনুষ্ঠানে গিয়েছিলাম। ফিরে এসে দেখি নিচতলায় একজনকে হত্যা করা হয়েছে। একই সঙ্গে আমার বাসা ও বাড়িওয়ালার বাসা থেকে টাকাপয়সা এবং মূল্যবান জিনিসপত্র নিয়ে যাওয়া হয়েছে।’ এ বিষয়ে ঝালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদ হাসান বলেন, ‘চুরি করতে এসে এক নারীকে হত্যা করা হয়েছে। মরদেহ ঝালকাঠি সদর হাসপাতাল মর্গে রয়েছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।’

কাগজপত্র ও পরিবেশ ঠিক

আবেদীন। তিনি আরও জানান, সব ধরনের অপরাধ মূলক কার্যক্রমের বিরুদ্ধে র‍্যাব-৮ এর অভিযান অব্যাহত থাকবে।

ভোলায় চাঁদাবাজি ও হামলার

তার ব্যবহৃত মোবাইল ফোন ভাঙচুর করে অভিযুক্তরা চাঁদা দাবি করে বলে অভিযোগ রয়েছে। এর কিছু সময় পর অভিযুক্তরা ফজলে রাব্বির বাবা আবদুল জলিল মিয়ার সদর উপজেলার চরজংলা এলাকার বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের ভয়ভীতি প্রদর্শন করে দেড় লাখ টাকা চাঁদা দাবি করে। একপর্যায়ে জোরপূর্বক ১৯ হাজার টাকা নিয়ে যায় তারা। একই দিন রাতে আবারও ওই বাড়িতে গিয়ে অস্ত্রের ভয় দেখিয়ে পুনরায় চাঁদা দাবি করা হয় বলে মামলায় উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় আবদুল জলিল মিয়া বাদী হয়ে ১৭ জুলাই ভোলা সদর মডেল থানায় চাঁদাবাজি ও মারধরের অভিযোগে মামলা দায়ের করেন। মামলা দায়েরের পরপরই পুলিশ অভিযান চালিয়ে চার আসামিকে গ্রেফতার করে। পুলিশ জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃতদের কাছ থেকে ঘটনার বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে। মামলার বাকি পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। ভোলা সদর মডেল থানার পক্ষ থেকে জানানো হয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং চাঁদাবাজিসহ সব ধরনের অপরাধ দমনে পুলিশের অভিযান ও আইনগত ব্যবস্থা ধারাবাহিকভাবে চলবে।

কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

মান সম্পর্কে খোঁজখবর নেন এবং তাদের মতামত শোনেন। এ সময় তিনি চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের সঙ্গে মতবিনিময় করে সময়মতো চিকিৎসাসেবা প্রদান, রোগীদের প্রতি মানবিক আচরণ, হাসপাতালের সার্বিক পরিচ্ছন্নতা বজায় রাখা, সরকারি ওষুধের সঠিক ব্যবস্থাপনা এবং সেবার মান আরও উন্নত করতে প্রয়োজনীয় দিকনির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। সিভিল সার্জন বলেন, সরকারি হাসপাতালের প্রতিটি রোগী যেন আন্তরিক ও মানসম্মত স্বাস্থ্যসেবা পান, সে বিষয়ে সবাইকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। স্বাস্থ্যসেবায় জবাবদিহিতা, শৃঙ্খলা ও সেবার মান নিশ্চিত করতে নিয়মিত তদারকি অব্যাহত থাকবে। পরিদর্শনকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাসপাতালের চিকিৎসক, নার্স এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। সংশ্লিষ্টরা জানান, নিয়মিত মনিটরিং ও তদারকির মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার মান আরও উন্নত করার কার্যক্রম চলমান রয়েছে। সিভিল সার্জনের এ পরিদর্শন হাসপাতালের সেবার গুণগত মান বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে তারা আশা প্রকাশ করেন।

চরফ্যাশন প্রেসক্লাবের সভাপতি

দায়িত্বে ছিলেন। এর আগে, সন্ধ্যা ৭টা থেকেই প্রেসক্লাব মিলনায়তনে অর্ধশতাধিক প্রবীণ ও নবীন সদস্যের উপস্থিতিতে এক মিলনমেলার সৃষ্টি হয়। সদস্যদের প্রাণবন্ত অংশগ্রহণে দ্বিবার্ষিক সাধারণ সভা শেষে নতুন কমিটি নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়। সাধারণ সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা আবদুল জলিল, শহিদুল ইসলাম দুলাল, অধ্যক্ষ কামরুজ্জামান, আলহাজ কামাল মিয়াজী, রেদওয়ানুল হক, মাওলানা রুহুল আমিন, হারুন অর রশিদ, রুহুল আমিন বাবুল, সোহরাব হোসেন লিটন ও মোস্তাফিজুর রহমানসহ প্রেসক্লাবের সদস্যরা।

দীর্ঘদিনের ভোগান্তির সড়কে

বৃষ্টির সময় গর্তগুলো পানিতে তলিয়ে যাওয়ায় প্রায়ই ছোটোখাটো দুর্ঘটনা ঘটত। সাময়িক এই সংস্কারের ফলে এখন মানুষের চলাচল অনেকটাই সহজ হয়েছে। স্থানীয় ব্যবসায়ী আসলাম সিকদার বলেন, এই সড়কটি অনেকদিন ধরেই পানি জমে জলাবদ্ধতা তৈরি হয়েছে। এখানে চলাচল করতে খুব কষ্ট হয় তবে আজ বিএনপির নেতার পক্ষ থেকে রাস্তা ঠিক করার কাজ চলছে। বিষয়টি খুবই ভালো লেগেছে। তবে দিনের বেলা এখানে ট্রাক না চলাচল করতে দিলে আরও ভালো হবে। পৌর বিএনপির সভাপতি মো. কামাল হোসেন বলেন, ‘সাধারণ মানুষের কষ্ট দেখে ব্যক্তিগত উদ্যোগে সড়কটির সংস্কার করেছি। মানুষের দুর্ভোগ কমানোই উদ্দেশ্য, তবে এটি স্থায়ী সমাধান নয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত দ্রুত সড়কটির টেকসই সংস্কারের উদ্যোগ নেওয়া।’

৩ নম্বর সতর্ক সংকেত

জারি করায় ট্রলার, মাছ ধরার নৌকা ও অন্যান্য নৌযানের সমুদ্রে চলাচল অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। এ অবস্থায় আবহাওয়া অধিদপ্তরের পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত কোনো ট্রলার বা নৌযানকে মাছ ধরা কিংবা অন্য কোনো উদ্দেশ্যে সমুদ্রে না যাওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছে কোস্ট গার্ড। পাশাপাশি বর্তমানে সমুদ্রে অবস্থানরত সব ট্রলার, মাছ ধরার নৌকা ও অন্যান্য নৌযানকে দ্রুত নিরাপদ আশ্রয়ে ফিরে আসার আহ্বান জানানো হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ট্রলার ও নৌযানের মালিকদেরও অনুরোধ করা হয়েছে। লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন আরও জানান, বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোন সার্বক্ষণিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং জননিরাপত্তা নিশ্চিত করতে সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। যেকোনো জরুরি প্রয়োজন বা সমুদ্রে দুর্ঘটনার তথ্য জানাতে বাংলাদেশ কোস্ট গার্ডের জরুরি সেবা নম্বর ১৬১১১-এ যোগাযোগ করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়েছে।

গণভোট ব্যর্থ হলে সরকারকে

আছে- লেগেছেরে লেগেছে রক্তে আগুন লেগেছে। এই প্রজন্মের রক্তে আবার আগুন লাগাবেন না। আগামী ২৫ জুলাই সিলেটের সমাবেশের আগেই গণভোটের রায় বাস্তবায়নের আহ্বান জানান। তা না হলে ঢাকায় মহাসমাবেশের ডাক দেওয়া হবে এবং সে জন্য এগরো দলীয় নেতাকর্মী ও অনুসারীদের প্রস্তুত থাকতে বলেন। জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বিএনপি সরকারের ৩১ দফা ও ১৮ মাসের মধ্যে বেকারত্ব দূর করার ঘোষণা স্মরণ করিয়ে দিয় বলেন, প্রত্যেক বিভাগ শেষে ঢাকায় এই সমাবেশ অনুষ্ঠিত হবে। এরপর জেলা, উপজেলা পর্যায়ে এভাবে সমাবেশ করা হবে। জুলাই সনদ বাস্তবায়ন না হলে গণআন্দোলন ও গণঅভ্যুত্থানের যেতে বাধ্য হবো বলে হুশিয়ারি দেন নাহিদ। ১৮ জুলাই মুগ্ধ ও রিফাত এর শহীদ হওয়া এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষার্থীদের আন্দোলনে সম্পৃক্ত হওয়ার প্রতি শ্রদ্ধা জানিয়ে নাহিদ ইসলাম দূর্নীতি মুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করে দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। কর্নেল অলি আহমেদ তার বক্তব্যে ভারতের আগ্রাসন এবং মুসলমানদের উপর হামলার নিন্দা জানিয়ে বলেন, আল্লাহর আদেশ ও নবীর শিক্ষা আমরা অনুসরণ করবো, সুভেন্দু ও তার গুন্ডারা যতই লাফালাফি করুক আমরা ধৈর্য ধরবো। হাসিনাসহ সুভেন্দু বাংলাদেশে প্রবেশ করলে সোজা ফাঁসিতে ঝুলাবো। আওয়ামীলীগ স্বাভাবিক মৃত্যুবরন করেছে। আওয়ামীলী কখনো বাংলাদেশে আসবে না। তিনি নবী করিম সাঃ এর হরিণের গল্পের একটি ঘটনার উদাহরণ তুলে ধরে বলেন, হরিণ তার দুই সন্তানকে নিয়ে ইহুদীর সামনে উপস্থিত হয়েছে। নবীর কথা পশু বুঝেছে, আমরা মানুষ কেন বুঝি না বলে প্রশ্ন তোলেন অলি আহমেদ। তারপর গণভোটের রায় বাস্তবায়ন ও সংস্কারগুলো জরুরি শেষ করার পাশাপাশি বিভিন্ন তৈলমর্দন গ্রুপের থেকে তারেক রহমানকে সতর্ক থাকার আহ্বান জানান। বরিশাল বিভাগের ছয় জেলা এবং বিভিন্ন উপজেলা থেকে নেতাকর্মী সমর্থক সকাল থেকে বিভাগীয় সমাবেশস্থলে এসে জড়ো হয়। সমাবেশে ১১ দলীয় ঐক্যের সাথে সম্পৃক্ত শীর্ষ নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১৯ জুলাই ২০২৬ ॥ ০৪ শ্রাবণ ১৪৩৩

মার্কিন হামলায় ইরানের ১০ হাজার মানুষের পানি সরবরাহ বন্ধ

কীর্তনখোলা ডেস্ক
ইরানে টানা সাত দিন ধরে হামলা চালিয়ে আসছে যুক্তরাষ্ট্র। দেশটির এ হামলায় সামরিক স্থাপনার পাশাপাশি বেসামরিক স্থাপনাও লক্ষ্যবস্তু করা হয়েছে। এরই মধ্যে ইরানের একটি পানি শোধনাগারেও হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এতে অন্তত ৩ এর পাতায় দেখুন

সৌদি আরবে মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালালো ইরান!

কীর্তনখোলা ডেস্ক
সৌদি আরবে অবস্থিত একটি মার্কিন সামরিক ঘাঁটিতে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইরান। প্রায় চার মাসের মধ্যে উপসাগরীয় দেশটির বিরুদ্ধে এই প্রথম সরাসরি হামলা চালিয়েছে। শনিবার (১৮ জুলাই) হামলা চালানো ৩ এর পাতায় দেখুন

বরিশাল সদর বিএনপির কমিটিতে আ.লীগ-জামায়াত সংশ্লিষ্টদের অন্তর্ভুক্তির অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট
সদ্য ঘোষিত বরিশাল সদর উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটিতে আওয়ামী লীগ ও জামায়াত-সংশ্লিষ্ট ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে এমন অভিযোগ তুলে কমিটি বাতিলের দাবি জানিয়েছেন দলের একাংশের নেতারা। তাদের দাবি, ত্যাগী ও পরীক্ষিত নেতাকর্মীদের বাদ দিয়ে বিতর্কিত ব্যক্তিদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। শনিবার (১৮ জুলাই) সকাল সাড়ে ১১টায় বরিশাল প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এসব অভিযোগ করেন বরিশাল দক্ষিণ জেলা বিএনপির সদস্য এবং সদ্য বিলুপ্ত সদর উপজেলা কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ জিয়াউল ইসলাম সাবু। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সদ্য বিলুপ্ত কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও চরমোনাই ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুস সালাম রাড়ী, সাবেক সদস্যসচিব রফিকুল ইসলাম সেলিম, সাবেক যুগ্ম আহ্বায়ক আলহাজ মন্টু খান, কাজী ফিরোজ ৩ এর পাতায় দেখুন

বুলডোজার দিয়ে আ.লীগ নেতার বাড়ি গুড়িয়ে দিয়ে লুটপাট ও অগ্নিসংযোগ

মির্জাগঞ্জ প্রতিনিধি
পটুয়াখালীর মির্জাগঞ্জে এবার বুলডোজার দিয়ে আওয়ামী লীগ নেতার বাড়ি গুড়িয়ে দেওয়া হয়েছে। পরে বাড়ির মালামাল লুটপাট করে বাড়িটিতে অগ্নিসংযোগ করা হয়। ভোরে খবর পেয়ে পুলিশ ফায়ার সার্ভিস সদস্যদের নিয়ে আগুন নিভিয়েছে বলে জানিয়েছে মির্জাগঞ্জ থানা পুলিশ। স্থানীয় বিএনপি ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত থেকে এ হামলার নেতৃত্ব দেন বলে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। জেলার মির্জাগঞ্জ উপজেলায় শুক্রবার (১৭ জুলাই) রাত আনুমানিক ২টার দিকে এ বরগুনা-সুবিদখালী-কাঠালতলী-বাকেরগঞ্জ আঞ্চলিক মহাসড়কের মাধবখালী ইউনিয়নে কাঠালতলী বাজার সংলগ্ন মাধবখালী ইউনিয়ন আওয়ামী লীগের ৩ এর পাতায় দেখুন

মসজিদে ঢুকে ইমামকে মারধর করলো ৩ ছাত্রলীগ কর্মী

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে একটি মসজিদে ঢুকে ইমামকে মারধরের অভিযোগ উঠেছে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের তিন নেতাকর্মীর বিরুদ্ধে। এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন মুসল্লিরা। উপজেলার গঙ্গাপুর ইউনিয়নের ৬

নম্বর ওয়ার্ডের তোফায়েল মেম্বার বাড়ি জামে মসজিদে শুক্রবার (১৮ জুলাই) এ ঘটনা ঘটে। অভিযুক্তরা হলেন স্থানীয় ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি লাবিব এবং কর্মী সাবনুর ও হোসেন। মসজিদ পরিচালনা কমিটির সভাপতি সেলিম মেম্বার জানান, জুমার পর অভিযুক্তরা মসজিদের দরজা ভেঙে ভেতরে ঢুকে ইমাম আল-আমীনের ওপর হামলা চালায়। এ সময় তাকে মারধর করলে তিনি গুরুতর আহত হন। পরে ৩ এর পাতায় দেখুন

বাউফলে অভিনব প্রচার, মাদক ব্যবসায়ীর সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড

মাঈনউদ্দিন জিপু, বাউফল
মাদকের করাল গ্রাস থেকে সমাজকে মুক্ত করতে সরকারের গৃহীত কঠোর অবস্থান সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে পটুয়াখালীর বাউফলে নেওয়া হয়েছে এক ব্যতিক্রমী উদ্যোগ। বাউফল পৌর শহরের প্রতিটি ওয়ার্ডে মাইকিংয়ের মাধ্যমে জনসচেতনতামূলক প্রচারণা চালানো হয়। এতে বিশেষভাবে প্রচার করা হয় মাদক কেনাবেচা, সরবরাহ ও সংশ্লিষ্ট অপরাধের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড। মাদকের বিরুদ্ধে সরকারের এই কঠোর অবস্থানের বার্তা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে ৩ এর পাতায় দেখুন

নগরীতে এক হাজার ইয়াবাসহ যুবক গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে যাত্রীবাহী বাসে অভিযান চালিয়ে ১ হাজার পিস ইয়াবাসহ মো. জিহাদ সরদার (২৪) নামে এক যুবককে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (ডিএনসি) বিভাগীয় গোয়েন্দা কার্যালয়। শুক্রবার রাত ১১টার দিকে নগরীর বৈদ্যপাড়া সি অ্যান্ড বি রোডে সোমালিয়া নামীয় ভবনের সামনে ঢাকা-বরিশাল মহাসড়কে এ অভিযান পরিচালনা করা হয়। ডিএনসি সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ঢাকা থেকে বরিশালগামী গোল্ডেন লাইন পরিবহনের একটি বাসে তল্লাশি চালালে মো. জিহাদ সরদার নামে এক যাত্রীর কাছ থেকে ১ হাজার পিস ইয়াবা উদ্ধার করা ৩ এর পাতায় দেখুন

শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে তিন দালাল আটক

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রোগীদের কম খরচে বিভিন্ন চিকিৎসাসংক্রান্ত পরীক্ষা করিয়ে দেওয়ার প্রলোভন দেখিয়ে হাসপাতালের বাইরে বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে যাওয়ার অভিযোগে তিন নারী দালালকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দায়িত্বরত সদস্যরা। শনিবার (১৮ জুলাই) সকাল আনুমানিক ১০টা ৩০ মিনিটে হাসপাতালের ওপিডি ভবনের নিচতলার আউটডোর এলাকায় দায়িত্বরত আনসার সদস্যা মোছা. নাসরিন আক্তার তিনজন নারীকে রোগীদের সঙ্গে ৩ এর পাতায় দেখুন

৩ নম্বর সতর্ক সংকেত: সমুদ্রে না যেতে কোস্ট গার্ডের আহ্বান

বরগুনা প্রতিনিধি
উপকূলীয় অঞ্চলের জেলে, ট্রলার ও নৌযান মালিকদের বৈরী আবহাওয়ার মধ্যে সমুদ্রে না যাওয়ার জন্য বিশেষ সতর্কবার্তা দিয়েছে বাংলাদেশ কোস্ট গার্ড। একই সাথে বর্তমানে সমুদ্রে থাকা সব ট্রলার, মাছ ধরার নৌকা ও অন্যান্য নৌযানকে দ্রুত নিরাপদ আশ্রয়ে ফিরে আসার আহ্বান জানানো হয়েছে। শনিবার (১৮ জুলাই) দুপুরে বাংলাদেশ কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি বলেন, দেশের সমুদ্র ও উপকূলীয় অঞ্চলে জননিরাপত্তা নিশ্চিত করা, দুর্যোগ মোকাবিলা এবং উদ্ধার কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ কোস্ট গার্ড সর্বদা প্রস্তুত রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর উপকূলীয় এলাকায় ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত ৩ এর পাতায় দেখুন

খালে গোসল করতে নেমে নিখোঁজ কিশোরের লাশ ৫ ঘণ্টা পর উদ্ধার

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির সদর উপজেলার ভিমরুলী এলাকায় খালে গোসল করার সময় আমগাছ থেকে ঝাঁপ দিয়ে নিখোঁজ হওয়া কিশোর মো: সানির (১৩) লাশ পাঁচ ঘণ্টা পর উদ্ধার করা হয়েছে। শনিবার (১৮ জুলাই) সন্ধ্যা ৭টার দিকে ফায়ার সার্ভিসের ডুবুরি দল তার লাশ উদ্ধার করে। এ তথ্য নিশ্চিত করেছেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ হাসান। এর আগে, একইদিন দুপুর সোয়া ২টার দিকে ভিমরুলী বাজারের উত্তর পাশের খালে নিখোঁজ হয় কিশোর সানি। নিহত কিশোর মো: সানি সেরাজাপুর উপজেলার চর হাইলাকাঠি গ্রামের মো: সোহেলের ছেলে। স্থানীয় ৩ এর পাতায় দেখুন

বাউফলে ১১ দরিদ্র পরিবারকে ছাগল উপহার দিলেন ড. মাসুদ এমপি

মাঈনউদ্দিন জিপু, বাউফল
পটুয়াখালীর বাউফলে যাকাত ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে যাকাতভিত্তিক স্বাবলম্বী কর্মসূচির আওতায় ১১ টি দরিদ্র পরিবারের মাঝে ছাগল বিতরণ করা হয়েছে। শুক্রবার (১৭ জুলাই) বিকেলে উপজেলার নওমালা নগরের হাটে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সুবিধাভোগীদের হাতে এই উপহার তুলে দেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমপি ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, "যাকাত শুধু সাধারণ দান নয়; এটি ইসলামের একটি ফরজ বিধান এবং একটি কার্যকর মানবিক ও অর্থনৈতিক ব্যবস্থা। সমাজের বিত্তবানরা যদি সঠিকভাবে যাকাত আদায় করেন, তবে অসহায় ও দরিদ্র মানুষ স্বাবলম্বী হওয়ার সুযোগ পাবে। এর মাধ্যমে সমাজে দারিদ্র্য বিমোচন ও একটি বৈষম্যহীন, মানবিক সমাজ প্রতিষ্ঠা করা সম্ভব হবে।" তিনি আরও বলেন, তৃণমূল পর্যায়ের মানুষের অর্থনৈতিক মুক্তি ও তাদের স্বাবলম্বী করে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ভবনে ডাকাতি, হাত-পা বাঁধা অবস্থায় নারীর মরদেহ উদ্ধার

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে একটি ভবনে ডাকাতির ঘটনা ঘটেছে। এ ঘটনায় এক নারীকে হত্যা করা হয়েছে। শুক্রবার ঝালকাঠি পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের টিএনটি রোড এলাকার তপন হালদারের তিনতলা ভবনে এ ঘটনা ঘটে। নিহত মলিনা রায় (৫০) ওই ভবনের নিচতলার ভাড়াটিয়া এবং রতন রায়ের স্ত্রী। স্থানীয় সূত্রে জানা গেছে, রতন রায় ঢাকায় চাকরি করেন। তিনি কর্মসূত্রে ঢাকায় অবস্থান করায় মলিনা রায় তাঁর মেয়ে পূজা রায়কে নিয়ে ওই বাসায় বসবাস করতেন। শুক্রবার সকালে শ্রীশ্রী জগন্নাথ দেবের মহোৎসব-২০২৬ উপলক্ষে রথযাত্রায় অংশগ্রহণের উদ্দেশ্যে ভবনের সবাই ভিমরুলী-কীর্তিপাশার উদ্দেশে যান। এ সময় ওই ভবনে মলিনা রায় ৩ এর পাতায় দেখুন

কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে পিরোজপুরের সিভিল সার্জন

কাউখালী প্রতিনিধি
পরিচ্ছন্নতা, রোগীদের ডায়েট ও স্বাস্থ্যসেবার মান উন্নয়ন, স্বাস্থ্যসেবার গুণগত মান বৃদ্ধি, রোগীবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ এবং হাসপাতালের সার্বিক কার্যক্রম তদারকির লক্ষ্যে শনিবার (১৮ জুলাই ২০২৬) কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেন পিরোজপুরের সিভিল সার্জন ডা. মো. মতিউর রহমান। পরিদর্শনকালে তিনি হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড, জরুরি বিভাগ, বহির্বিভাগ, ভর্তি রোগীদের চিকিৎসাসেবা, পরিচ্ছন্নতা ব্যবস্থা এবং রোগীদের জন্য সরবরাহকৃত খাবার (ডায়েট)-এর মান ও পরিবেশ পর্যবেক্ষণ করেন। রোগীদের সঙ্গে কথা বলে চিকিৎসাসেবার ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন প্রেসক্লাবের সভাপতি নিয়াজ, সম্পাদক কামাল

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশন প্রেসক্লাবের দ্বিবার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সভায় সর্বসম্মতিক্রমে জুলফিকার মাহমুদ নিয়াজকে পুনরায় সভাপতি এবং কামাল গোলদারকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার রাত ৯টায় প্রেসক্লাব মিলনায়তনে উৎসবমুখর পরিবেশে এই সভা অনুষ্ঠিত হয়। শুরুতে আংশিক কমিটি ঘোষণা করা হলেও নির্বাচন পরিচালনা কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দুই কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটির তালিকা প্রকাশ করা হবে। প্রেসক্লাবের সাবেক তিন সভাপতি অধ্যক্ষ ডি এম ফারুক, অধ্যাপক মিজানুর রহমান ও হাবিবুর রহমান সেলিম নির্বাচন পরিচালনার ৩ এর পাতায় দেখুন

দীর্ঘদিনের ভোগান্তির সড়কে স্বস্তি, বিএনপি নেতার উদ্যোগে সংস্কার

পটুয়াখালী প্রতিনিধি
দীর্ঘদিন ধরে খানাখন্দ আর জলাবদ্ধতায় পটুয়াখালী শহরের গোরস্তান রোড থেকে ফায়ার সার্ভিস পর্যন্ত সড়কে চলাচলে ছিল দুর্ভোগ। তবে এবার সেই ভোগান্তি রোধে এগিয়ে এলেন পটুয়াখালী পৌর বিএনপির সভাপতি মো. কামাল হোসেন। শনিবার (১৮ জুলাই) সকাল ১১টার দিকে ব্যক্তিগত উদ্যোগে সড়কটির ক্ষতিগ্রস্ত অংশ সংস্কারে কাজ শুরু করেন পটুয়াখালী পৌর বিএনপির এই নেতা। তার উদ্যোগে সড়কের বিভিন্ন খানাখন্দে ইট, খোয়া ও অন্যান্য নির্মাণসামগ্রী ফেলে চলাচলের উপযোগী করা হয়। স্থানীয় বাসিন্দা আফজাল হোসেন বলেন, দীর্ঘদিন ধরে সড়কটির বেহাল অবস্থার কারণে এলাকায় যান চলাচলে চরম দুর্ভোগ সৃষ্টি হচ্ছিল। ৩ এর পাতায় দেখুন

ভোলায় চাঁদাবাজি ও হামলার ঘটনায় গ্রেফতার ৪

ভোলা প্রতিনিধি
ভোলার সদর উপজেলার চরজংলা এলাকায় বসতবাড়িতে ঢুকে চাঁদা দাবি, মারধর ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে দায়ের করা মামলায় চারজনকে গ্রেফতার করেছে ভোলা সদর মডেল থানা পুলিশ। শুক্রবার (১৭ জুলাই) দিনভর বিশেষ অভিযান চালিয়ে মামলার এজাহারভুক্ত চার আসামিকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন মো. ফাহাদ হোসেন রূপক (৩৩), মো. আব্দুল্লাহ (১৯), দিগন্ত চন্দ্র ঘোষ ওরফে শুভ (২৪) এবং নাদিমুল মাওলা ওরফে নাদিম (১৯)। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ১৬ জুলাই সকালে ভোলা পৌরসভার ভোকেশনাল রোড এলাকায় ব্যবসায়ী ফজলে রাব্বির ওপর হামলা চালিয়ে তাকে মারধর করা হয়। এ সময় ৩ এর পাতায় দেখুন

কাগজপত্র ও পরিবেশ ঠিক না থাকায় দুই ডায়াগনস্টিক সেন্টারে জরিমানা

ভোলা প্রতিনিধি
ভোলার দুই ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালিয়েছে র‍্যাব-৮ এর ভোলা ক্যাম্পের সদস্যরা। এসময় কাগজপত্র ও পরিবেশ ঠিক না থাকায় দুই ডায়াগনস্টিক সেন্টারে দুই লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। শনিবার (১৮ জুলাই) দুপুরের দিকে এই জরিমানা করেন ভোলার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. জয়নাল আবেদীন। জরিমানাকৃত ডায়াগনস্টিক সেন্টার হলো- ভোলার সদর রোডের আস-সুন্নাহ জেনারেল হাসপাতাল ও যমুনা মেডিকেল সার্ভিসেস। র‍্যাব-৮ এর ভোলা ক্যাম্প কমান্ডার মো. আবুল কালাম আজাদ তথ্য নিশ্চিত করে বলেন, বিভিন্ন অভিযোগের ভিত্তিতে শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত দুইটি ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করি। এসময় কাগজপত্র ও পরিবেশ ঠিক না থাকায় দুই ডায়াগনস্টিক সেন্টারে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ভোক্তা সংরক্ষণ আইনে এক লাখ করে দুই লাখ টাকা জরিমানা করেন ভোলা জেলা প্রশাসক কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. জয়নাল ৩ এর পাতায় দেখুন

ব্যবসায়ীর বাড়ি থেকে ৩৪ বস্তা ভিজিএফের চাল উদ্ধার

লালমোহন প্রতিনিধি
ভোলার লালমোহন উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নে এক মুদি ব্যবসায়ীর বাড়িতে অভিযান চালিয়ে ৩৪ বস্তা সরকারি ভিজিএফের চাল উদ্ধার করেছে উপজেলা প্রশাসন ও থানা পুলিশ। চালগুলো জব্দ করে সরকারি হেফাজতে রাখা হয়েছে। শনিবার (১৮ জুলাই) বিকেল ৪টার দিকে উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নের কিশোরগঞ্জ গ্রামের মুদি ব্যবসায়ী জসিম সর্দ্দারের বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। এ চালগুলো কীভাবে সেখানে মজুত করা হয়েছে, তা তদন্তে একটি কমিটি গঠন করা হবে বলে জানিয়েছে প্রশাসন। উপজেলা প্রশাসন ও পুলিশ সূত্রে জানা যায়, স্থানীয় সাতানী বাজারের মুদি ব্যবসায়ী জসিম সর্দ্দার তার বাড়িতে বিপুল পরিমাণ সরকারি ভিজিএফের চাল মজুত করে রেখেছেন এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। এ সময় বাড়ির একটি খাটের নিচে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com